ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



ক্যাটরিনা যেন বিয়ে করেন সালমানকে, আপ্রাণ চেষ্টা করেছিলেন আমির!

পৃঃ ৫



টাইগারদের প্রশংসায় ভাসিয়ে ভারতকে সতর্ক করলেন গিল

পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৫৫ ● কলকাতা ● ৩১ ভাদ্র, ১৪৩১ ● মঙ্গলবার ● ১৭ সেপ্টেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## ঝাড়খণ্ডের জনসভায় ঝাড়খন্ড মুক্তি মোর্চার সরকারকে

# তীব্র আক্রমণ শানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ঝাড়খণ্ডে বিধানসভা নির্বাচনের জন্য এক জনসভায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ঝাড়খন্ড মুক্তি মোর্চার সরকারকে তীব্র আক্রমণ শানালেন।

আসন্ন বিধানসভা নির্বাচন উপলক্ষে ঝাড়খণ্ডের জামশেদপুরে প্রধানমন্ত্রী একটি জনসভায় ভাষণ দিচ্ছিলেন। সেই জনসভা থেকেই ঝাড়খণ্ডের ক্ষমতায় থাকা হেমন্ত সরেন সরকারকে এক হাত নিয়ে বলেন "ঝাড়খন্ড ধীরে ধীরে অপরাধের স্বর্গরাজ্য হয়ে উঠছে। মহিলারাও এ রাজ্যে সুরক্ষিত নয়। এমনকি অনুপ্রবেশের কারণে ঝাড়খন্ডের মানুষরাও নিরাপত্তাহীনতায় ভুগছে"। কংগ্রেসের ভূত দলের মধ্যে ঢুকে পড়েছে। আর যখনই কংগ্রেসের ভূত কোন দলের ভেতরে ঢুকে পড়ে তখন সে দল এজেন্ডা হারায়। জেএমএম সরকার বাংলাদেশী ও রোহিঙ্গাদের পাশে আছে বলেও দাবি করেন তিনি। শুধু তাই নয় তুষ্টির রাজনীতি নিয়েও হেমন্ত সরেন সরকারকে এক হাত নিলেন প্রধানমন্ত্রী।

প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদি এই জনসভায় আরো বলেন " ঝাড়খন্ড হাইকোর্ট অনুপ্রবেশ ইস্যুতে একটি প্যানেল গঠন করে স্বচ্ছ তদন্তের নির্দেশ দেয়। কিন্তু বর্তমান সরকার অনুপ্রবেশের কথা মানতে নারাজ। সাঁওতাল পরগনা এবং কলহারে বাংলাদেশী এবং রোহিঙ্গাদের অনুপ্রবেশ বড় সমস্যা। আর এর ফলে রাজ্যের জনবিন্যাস ক্রমশ বদলে যাচ্ছে বলেও ঝাড়খণ্ডের জেএমএম সরকারকে তীব্র ভাষা আক্রমণ করেন।

জম্মু-কাশ্মীর সহ একাধিক রাজ্যের বিধানসভা নির্বাচন নরেন্দ্র মোদী ও অমিত শাহের কাছে খুবই গুরুত্বপূর্ণ। কারণ লোকসভা নির্বাচনে আসানুরূপ ফল পায়নি বিজেপি। তাই বিজেপির নজরে এখন ঝাড়খন্ড নির্বাচন। কেন্দ্রের শাসকদল এখন যে কোন মূল্যে এই রাজ্যে ক্ষমতা ফিরে পেতে মরিয়া হয়ে উঠেছে।

জনসভার পাশাপাশি এদিন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সেই রাজ্যের জন্য একাধিক প্রকল্পের উদ্বোধন করেন। যার মধ্যে ছটি বন্ধে ভারত এক্সপ্রেস রয়েছে। ঝাড়খণ্ডের জামশেদপুরে এই সভা ছাড়াও একটি রোড শো করার কথা ছিল কিন্তু খারাপ আবহাওয়ার জন্য তা বাতিল হয়।

### বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলকে জানানো হচ্ছে যে আগামী ১৭ই সেপ্টেম্বর, ২০২৪ "বিশ্বকর্মা পূজা" উপলক্ষ্যে আমাদের সকল বিভাগ বন্ধ থাকবে, তাই ১৮ই সেপ্টেম্বর, ২০২৪ আমাদের পত্রিকার কোনো প্রকাশন হবে না। আগামী ১৯শে সেপ্টেম্বর, ২০২৪ তারিখে আমাদের পত্রিকা পুনরায় প্রকাশিত হবে।

সম্পাদক

## আর জি কর কাণ্ডে প্রধান বিচারপতিকে খোলা চিঠি

# দেশ-বিদেশের সংগঠন ও সুশীল সমাজের




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আর জি কর কাণ্ডে দেশের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়কে খোলা চিঠি। দেশ ও বিদেশের নাগরিক সমাজ, বিশিষ্ট ব্যক্তিবর্গ মিলিয়ে প্রায় ৫৫টি গোষ্ঠী-সংগঠন এবং হাজারের বেশি সুশীল সমাজের প্রতিনিধি চন্দ্রচূড়কে এক লিখিত আবেদন জানিয়েছেন।এক মাস কেটে গেলেও সিবিআই এখনও নৃশংস এই ধর্ষণ ও খুনের তদন্তে কোনও আলো দেখাতে পারেনি। সুপ্রিম কোর্টের গত দিনের শুনানির সমালোচনা করেও বলা হয়েছে, আগের দিন শীর্ষ আদালতের লক্ষ্য ছিলেন প্রতিবাদী জুনিয়র ডাক্তাররা। রাজ্যের স্বাস্থ্যব্যবস্থার অবনতির জন্য যেন তাঁরাই দায়ী, তা বোঝাতে চেয়েছিল আদালত। কিন্তু বাস্তব ঘটনা হচ্ছে, আপামর নাগরিক সমাজ, সমস্ত স্বাস্থ্যকর্মী এবং আন্দোলনরত ডাক্তাররা দাবি জানাচ্ছেন, সুলভ চিকিৎসা, দুর্নীতিমুক্ত পরিবেশ এবং হুমকিমুক্ত কাজের পরিবেশ। আমরা চাই, ধীরগতি তদন্ত, উদ্দেশ্যমূলকভাবে অভিযুক্তদের রক্ষার চেষ্টা এবং নাগরিক প্রতিবাদের উপর হামলা বন্ধে প্রধান বিচারপতি কঠোর নির্দেশ দেবেন।তাঁরা শুধু এই ঘটনার ন্যায়বিচারই নয়, যৌন হিংসা এবং পুলিশি দমনের বিরুদ্ধে কার্যকরী নির্দেশ বা রায়দানের দাবি জানিয়েছেন।

সাউথ এশিয়ান সলিডারিটি কালেক্টিভ, ডব্লুএওয়াইভিই ফাউন্ডেশন, লইয়ার্স কালেক্টিভ, সিপিএম এবং আদিবাসী উওমেন্স নেটওয়ার্কের মতো ৫৫টি সংগঠন এবং হাজারের বেশি সুশীল সমাজের প্রতিনিধি গত রবিবার (১৫ সেপ্টেম্বর, ২০২৪) প্রধান বিচারপতি

এরপর ৩ পাতায়

## হাওড়ায় ধৃত কনস্টেবল, সিভিক ও অস্থায়ী হোমগার্ড



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গোলমালের অভিযোগে গ্রেফতার এক পুলিশকর্মী-সহ মোট তিন জন। ধৃত অপর দু'জনের মধ্যে এক জন পেশায় সিভিক ভলান্টিয়ার এবং অন্য জন অস্থায়ী হোমগার্ড। রবিবার রাতে ঘটনাটি ঘটেছে হাওড়ার সাঁকরাইল থানা এলাকায়। অভিযোগ, ধুলাগড়ের একটি পানশালায় গিয়ে গোলমালে জড়িয়ে পড়েন তাঁরা।পুলিশ কমিশনার আরও জানিয়েছেন, ঝামেলার খবর পেয়েই সাঁকরাইল থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছয় এবং তিন জনকেই আটক করে। পরে সোমবার তাঁদের গ্রেফতার করা হয়েছে। প্রসঙ্গত, সাঁকরাইল থানা এলাকার এই ঘটনাকে কেন্দ্র করে বেশ শোরগোল পড়ে গিয়েছে এলাকায়। ওই পানশালায় ঠিক কী ঘটেছিল রবিবার রাতে, তা খতিয়ে দেখতে তদন্ত চালাচ্ছে পুলিশ। রবিবার রাতে তাঁদের আটক

এরপর ৩ পাতায়






# উদার আকাশ ঈদ-শারদ উৎসব সংখ্যা ১৪৩১ উদ্বোধনে শীর্ষেন্দু মুখোপাধ্যায়



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ১২ রবিউল আউয়াল ১৬ সেপ্টেম্বর ২০২৪ সোমবার প্রিয়নবী হজরত মুহাম্মদ সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর শুভ জন্মদিনে প্রকাশ হল উদার আকাশ পত্রিকা ও উদার আকাশ প্রকাশনের কয়েকটি গ্রন্থ। এক ঘরোয়া অনুষ্ঠানে কথাসাহিত্যিক শীর্ষেন্দু মুখোপাধ্যায় তাঁর বাসভবনে 'উদার আকাশ' পত্রিকার ঈদ-শারদ উৎসব সংখ্যা-১৪৩১ উদ্বোধন করেন। এই সংখ্যার বিশেষ বিষয় ছিল উদ্যোগপতি তথা সমাজসেবী মোস্তাক হোসেনকে নিয়ে। ২পার্থিব্র, ৩মানবজমিন' নামক কালজয়ী উপন্যাস, জনপ্রিয় 'ফটিক' চরিত্রের স্রষ্টা শীর্ষেন্দু মুখোপাধ্যায় উদার আকশের বিষয় বৈচির্ত্যের পাশাপাশি বিশেষ বিষয়: মোস্তাক হোসেনকে নিয়ে করার এই প্রচেষ্টাকে স্বাগত জানান। তিনি আরও বলেন, সমাজের বৌদ্ধিক বিকাশে সাহিত্য-সংস্কৃতির বেশি বেশি চর্চা খুবই জরুরি। এদিন উদার আকাশ ঈদ-শারদ উৎসব সংখ্যা ১৪৩১ ও উদার আকাশ প্রকাশন থেকে প্রকাশিত রাজন গঙ্গোপাধ্যায়-এর 'মুখোমুখি খাজিম আহমেদ' গ্রন্থ উদ্বোধন করলেন শীর্ষেন্দু মুখোপাধ্যায়। এই গ্রন্থটি সাক্ষাৎকারমূলক। এতে স্বাধীনতা পরবর্তী প্রায় অর্ধশতকের পশ্চিমবঙ্গের বাঙালি মুসলমানের আশা-আকাঙ্ক্ষা-উদ্বেগের পাশাপাশি সমাজ, রাজনীতি অর্থনৈতিক নানা বিষয় আলোচিত হয়েছে। আলোচনায় উঠে এসেছে গৌরকিশোর ঘোষ, মহাশ্বেতা দেবী, আবদুল আযীয আল-আমান, সৈয়দ মুস্তফা সিরাজ, অধ্যাপক রেজাউল করিম প্রমুখ মনীষার অনেক অলিখিত গল্প। এদিন উপস্থিত ছিলেন ইতিহাসবিদ খাজিম আহমেদ ও অধ্যাপক রাজন গঙ্গোপাধ্যায়। বইটি প্রসঙ্গে প্রকাশক, কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের গবেষক ও কল্যাণী বিশ্ববিদ্যালয়ের নিউজ লেটার ইনচার্জ ফারুক আহমেদ জানালেন, বইটি সমাজ-ইতিহাসের গবেষকদের কাছে একটি আকর গ্রন্থ হিসাবে বিবেচিত হবে।

পত্রিকার সম্পাদক ফারুক আহমেদ জানান, চারদিকে ভেদাভেদ আর অশান্তির পরিবেশ সৃষ্টির চক্রান্ত চলছে।এই সময় সাহিত্য-সংস্কৃতিই মানবিকতার জয়গান গাইতে উদ্বুদ্ধ করতে পারে আমাদের। তিনি আরও বলেন, এর আগে উদার আকাশের বিভিন্ন সংখ্যা সুনীল গঙ্গোপাধ্যায়, মহাশ্বেতা দেবী, শঙ্খ ঘোষ, অতীন বন্দ্যোপাধ্যায়, শীর্ষেন্দু মুখোপাধ্যায়, নৃসিংহপ্রসাদ ভাদুড়ী, সুরঞ্জন দাস, গৌতম পাল, মোস্তাক হোসেন, আবুল বাশার, সুনন্দ সান্যাল প্রভৃতি বরেণ্য বাঙালি উদ্বোধন করেছেন। সেই তালিকায় আবারও যুক্ত হলেন আমার অন্যতম প্রিয় কথাসাহিত্যিক শীর্ষেন্দু মুখোপাধ্যায়। গবেষণাধর্মী মননশীল প্রবন্ধ-নিবন্ধ প্রকাশই উদার আকাশ পত্রিকার ট্র্যাডিশন। এ-সংখ্যাতেও ব্যতিক্রম ঘটেনি। লেখকের যোধপুর পার্কস্থিত বাসভবনে উদার আকাশ পত্রিকার সম্পাদক ফারুক আহমেদ কথাসাহিত্যিক শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের হাতে পত্রিকার ঈদ-শারদ উৎসব সংখ্যা ১৪৩১, বিশেষ বিষয়: মোস্তাক হোসেন তুলে দেন।

মোড়ক উন্মোচনের পর শীর্ষেন্দু মুখোপাধ্যায় পত্রিকার আঙ্গিক-বিন্যাস ও বিষয় নির্বাচনের ভূয়সী প্রশংসা করেন। সমাজের বৌদ্ধিক বিকাশে সাহিত্য-সংস্কৃতির ভূমিকা উল্লেখ করে তিনি উদার আকাশকে ঈদ-শারদ উৎসব সংখ্যা প্রকাশের জন্য ধন্যবাদ জানান। উদার আকাশ যে স্বল্প পরিসরেও প্রগতির লক্ষ্যে এগিয়ে যাচ্ছে, তা তিনি তাঁর বক্তব্যে তুলে ধরেন। উল্লেখ্য, উদার আকাশ নিয়মিত ঈদ-শারদ উৎসব সংখ্যা ও বইমেলা সংখ্যা প্রকাশ করে থাকে। সাম্প্রদায়িক সম্প্রীতির লক্ষ্যেই উদার আকাশ পত্রিকা ও প্রকাশনের এই বিনীত নিবেদন বলে জানান পত্রিকার সম্পাদক ফারুক আহমেদ। তাঁর মতে, চারদিকে ভেদাভেদ আর অশান্তির পরিবেশ সৃষ্টির চক্রান্ত চলছে। এই সময় সাহিত্যই পারে মানুষকে সুচেতনায় উদ্বুদ্ধ করতে। পত্রিকার এই বিশেষ সংখ্যাটিতে কবিতা, প্রবন্ধ, নিবন্ধ, ছোটগল্প, বিশেষ রচনা, কাজী নজরুল ইসলামকে নিয়ে স্মৃতিচারণা ১২৫ তম জন্মবার্ষিকী উপলক্ষে বিশেষ আলোকপাত, বিদ্যাসাগর চর্চা, গোলাম আহমদ মোর্তজা স্মরণ, মাইকেল মধুসূদন দত্তকে নিয়ে চমৎকার লেখা, সাক্ষাৎকার, মিশন কথা, গ্রন্থ-সমালোচনা, স্মরণ, নাট্য-পরিচয় নিয়ে আলোচনা-সহ বিভিন্ন বিষয় স্থান পেয়েছে। সম্পাদক ফারুক আহমেদ জানান, এপার বাংলা ও ওপার বাংলার সব সম্প্রদায়ভুক্ত মানুষের মিলন প্রয়াসে বিগত ২৩ বছর নিয়মিত উদার আকাশ পত্রিকাটি তিনি প্রকাশ করছেন। পাঠক সমাজকে সমৃদ্ধ করতে তিনি এই প্রয়াস নিয়েছেন। উদার আকাশ প্রকাশন থেকে প্রকাশিত হয়েছে ইতিমধ্যেই ১৩৫ টি গ্রন্থ। শীর্ষেন্দু মুখোপাধ্যায় এদিন ড. সা'আদুল ইসলাম-এর কাব্যগ্রন্থ 'ঋতুবদলের কালোয়াতি' উদ্বোধন করলেন। কাব্যগ্রন্থটি উদার আকাশ প্রকাশন থেকে প্রকাশিত হয়েছে। সমাজকল্যাণে অগ্রনায়ক মোস্তাক হোসেনকে নিয়ে অনেকেই লিখেছেন। ভূমিকা লিখেছেন পবিত্র সরকার। উদার আকাশ ঈদ-শারদ উৎসব সংখ্যায় কলম ধরেছেন অশোক দাশগুপ্ত, মইনুল হাসান, কবীর সুমন, আহমাদ হাসান ইমরান, জয়ন্ত ঘোষাল, মৌসুমী বিশ্বাস, ঈশিতা সুর, আমিনুল ইসলাম, সোনিয়া তাসিন, মুহাম্মাদ সামশুল আলম, সাহানা নাগ চৌধুরী, হারাধন চৌধুরী, রতন ভট্টাচার্য, কুমারেশ চক্রবর্তী, মহিউদ্দিন সরকার, গৌতম নিয়োগী, সমীর ঘোষ, সন্দীপ চক্রবর্তী, মাহমুদ কামাল, সুব্রতা ঘোষ রায়, মনীষা বন্দ্যোপাধ্যায়, মীরাতুন নাহার, সেখ আবু তাহের কমরুদ্দিন, হাসান ইমাম, মুজতবা আল মামুন, ঋতুপর্ণা ভট্টাচার্য, রোকেয়া ইসলাম, ইলা দাস, মধুবন চক্রবর্তী, এমদাদুল হক নূর, সাবির আহমেদ, কাজী মুহাম্মদ ইয়াসীন, কালাচাঁদ মাহালী, আমজাদ হোসেন, রেজাউল করিম, আবুল হাসনাত, অংশুমান কর, সামিমা মল্লিক, প্রবীর ঘোষ রায়, সালেহা খাতুন, দেবাংশু চক্রবর্তী, নার্গিস সুলতানা, আবদুর রব খান, দীপক সাহা, লালমিয়া মোল্লা, দীপঙ্কর বৈদ্য, সুরাইয়া সুলতানা, রণজয় মালাকার, তৈমুর খান, জ্যোতির্ময় সর্দার, আকমাম খান, এস এম শামসুদ্দিন, আলমগীর রহমান, আয়েশা সিদ্দিকা কনক, কাজী খায়রুল আনাম প্রমুখ।









# মঙ্গলেই নবান্নে জরুরি বৈঠক



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** মঙ্গলবার সুপ্রিম কোর্টে আরজি কর মামলার শুনানি। শীর্ষ আদালতে কী হয় সকলের নজর সেদিকে। এই আবহে আচমকাই আগামীকাল নবান্নে জরুরি বৈঠক ডাকলেন রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থ। আরজি কর ইস্যু নয়, বরং পুজোর আগে অন্য একটি বিষয়ে এই বৈঠকে আলোচনা হবে বলে জানা যাচ্ছে। এদিকে বর্তমানে বাংলা থেকে ভিন রাজ্যে আলু পাঠানো যাচ্ছে। এতে কোনও নিষেধাজ্ঞা নেই। তবে একটি শর্ত রয়েছে। সেটা হল, রাজ্যে আলুর দাম কম থাকতে হবে। সেটা কতখানি কম রয়েছে তা আগামীকালের বৈঠকে আলোচনা হতে পারে। একইসঙ্গে মাছ, মাংস, শাকসবজি সহ অন্যান্য নানান খাদ্যসামগ্রীর মূল্যও খতিয়ে

এরপর ৩ পাতায়

## ভারতীয় উদ্ভাবকদের ক্ষমতায়ন:

# অ্যালগোভারত ব্লকচেইন উদ্ভাবনে প্রভাব যাত্রার পথ অব্যাহত রাখে

## ভারতীয় ব্লকচেইন ইকোসিস্টেমের ভবিষ্যৎ গঠনের জন্য ভারতজুড়ে স্টার্টআপ এবং বিকাশকারীদের প্রতিপালন

**২০২৪: নিউজ সারাদিন :** আলগোরান্ড ফাউন্ডেশনের ভারতের উদ্যোগ অষমড়ইযধৎধঃ, সম্প্রতি রোড টু ইমপ্যাক্ট উদ্যোগের দ্বিতীয় সংস্করণ চালু করেছে। অ্যালগোরান্ড ফাউন্ডেশনের টেক লিড ফর ইন্ডিয়া, ডক্টর নিখিল ভার্মার নেতৃত্বে একটি দল আটটি শহরে ভ্রমণ করেছে, প্রতিটি ইভেন্ট তরুণ ডবন3 ডেভেলপার এবং স্টার্টআপ দলকে একত্র করেছে যারা চার মাস ধরে কর্মশালার প্রক্রিয়ায় প্রতিদ্বন্দ্বিতা করবে এবং একটি- ডিসেম্বরের গোড়ার দিকে ফাউন্ডেশনের ইন্ডিয়া সামিটে একের পর এক মেন্টরিং শেষ হয়।

ভারত ওয়েব3 ডেভেলপার এবং উদ্ভাবনের জন্য একটি উল্লেখযোগ্য কেন্দ্র হিসেবে আবির্ভূত হচ্ছে। একাধিক রিপোর্ট অনুসারে, ভারত উদীয়মান বাজারগুলির মধ্যে একটি শীর্ষস্থানীয় কিছু গবেষণায় দেখানো হয়েছে যে ব্লকচেইন বিকাশকারীদের শেয়ার পুল 2018 সালে 3% থেকে গত বছর 12% বেড়েছে। অনেক হ্যাকাথন এবং অন্যান্য সম্প্রদায়ের ইভেন্টের বিপরীতে, AlgoBharat ভারতের ডবন3 বিকাশকারী এবং স্টার্টআপ সম্প্রদায়গুলিকে তার রোড টু ইমপ্যাক্ট উদ্যোগের সাথে জড়িত এবং সমর্থন করার জন্য আরও ব্যাপক পদ্ধতির দিকে ঠেলে দিয়েছে যা বিকাশকারীদের অগ্রগতি এবং বাজারজাতকরণে সহায়তা করার জন্য গভীর, টেকসই সম্পৃক্ততার দর্শনের উপর ভিত্তি করে। এই মডেলটি ক্রমাগত অন-গ্রাউন্ড সমর্থন এবং প্রশিক্ষণ প্রদানের জন্য এবং ওপেন-সোর্স প্ল্যাটফর্মের ব্যবহার করার জন্য গঠন করা হয়েছে যাতে অংশগ্রহণকারীরা বাস্তব-বিশ্বের প্রভাব সহ স্কেলযোগ্য সমাধানগুলিতে তাদের দক্ষতা অন্তর্ভুক্ত করতে সক্ষম হয়।

পরিমাপযোগ্য, টেকসই, বাস্তব-বিশ্ব ব্লকচেইন সমাধানের জন্য একটি ইকোসিস্টেম গড়ে তোলার লক্ষ্যে, অ্যালগোভারত রোড টু ইমপ্যাক্ট ভারতের 2047 সালের দৃষ্টিভঙ্গির সাথে সামঞ্জস্যপূর্ণ একটি ডিজিটালভাবে ক্ষমতায়িত সমাজ, অর্থনৈতিক প্রবৃদ্ধি চালনা করা, সামাজিক চ্যালেঞ্জ মোকাবেলা করা এবং প্রযুক্তিতে বিশ্ব নেতৃত্বের প্রচার। স্টার্টআপ এবং ডেভেলপারদের লালন-পালন করে, উদ্যোগটি ব্লকচেইন সমাধানের বিকাশে সমর্থন করে যা নতুন ব্যবসায়িক মডেলগুলিকে সক্ষম করে এবং ভারতকে ওয়েব৩ উদ্ভাবনের জন্য একটি বিশ্বব্যাপী কেন্দ্র হিসাবে অবস্থান করে।

**ভারতের জন্য অ্যালগোরান্ড ফাউন্ডেশনের টেক লিড নিখিল ভার্মা** তার উৎসাহ শেয়ার করেছেন: “ভারতের বিকাশকারী সম্প্রদায় থেকে উদ্ভূত আবেগ এবং সৃজনশীলতা সত্যিই চিত্তাকর্ষক। সুরাট থেকে ত্রিভান্দ্রম পর্যন্ত, শহরগুলি ব্লকচেইন সমাধানগুলি প্রদর্শন করছে যা স্থানীয় শিল্পগুলিতে বিপ্লব ঘটাচ্ছে-সেটি সরবরাহ চেইন বাড়ানো, স্থায়িত্ব বাড়ানো, বা স্বাস্থ্যসেবা বা গঋগউ অর্থায়নে অ্যাক্সেস উন্নত করা। এই উদ্ভাবনগুলি হল গেম-চেঞ্জার, যা দেখায় যে ভারত শুধুমাত্র ব্লকচেইন বিপ্লবের অংশ নয় বরং এটির নেতৃত্ব দিচ্ছে। আমরা এই স্বপ্নদর্শী প্রকল্পগুলিকে সমর্থন করতে পেরে সম্মানিত এবং আলগোরান্ড ইকোসিস্টেমের মধ্যে তাদের উন্নতি করতে দেখে রোমাঞ্চিত।"

**নেহা রায়, কলকাতায় আলগোভারতের রাষ্ট্রদূত,** আরও বলেছেন, "কলকাতা সবসময়ই উদ্ভাবন এবং সৃজনশীলতার কেন্দ্রস্থল ছিল, এবং এখানে AlgoBharat-এর রোড টু ইমপ্যাক্ট ইভেন্টের সময় এটি সম্পূর্ণরূপে প্রদর্শিত হয়েছিল। আমাদের বিকাশকারী এবং স্টার্টআপগুলির প্রতিভা গুরুত্বপূর্ণ ভূমিকার প্রমাণ। কলকাতা এই রূপান্তরমূলক ক্ষেত্রের ভবিষ্যৎ গঠনের জন্য খেলছে যুগান্তকারী ধারণা ভবিষ্যতে প্রভাবিত করবে। এবং অ্যাডামাস ইউনিভার্সিটি, ইউইএম, এবং আইআইআইটি কল্যাণীর অবিশ্বাস্য অ্যালগোরান্ডব্লকচেন ক্লাব সদস্যদের জন্য একটি বিশেষ চিৎকার আপনার অটল সমর্থন এই ইভেন্টটিকে সফল করতে সহায়ক ছিল। এমনকি প্রবল বৃষ্টি এবং জলাবদ্ধতার মধ্যেও, পুরো হাউস ভোটার উপস্থিতি ছিল কলকাতার অপ্রতিরোধ্য মনোভাব এবং আলগোভারতের প্রতি তার আবেগের একটি শক্তিশালী অনুস্মারক।"

2023 এর সাফল্যের উপর ভিত্তি করে প্রভাব তৈরি করা! স্টার্টআপের জন্য পিচ কম্পিটিশন, AlgoBharat একটি ডেভেলপার ট্র্যাক যোগ করছে যাতে আলাদা ডেভেলপারদের দক্ষতা বৃদ্ধি করতে এবং ডবন3 ডেভেলপার প্রতিভার ক্রমবর্ধমান বৈশ্বিক চাহিদা মেটাতে তাদের দক্ষতা বাজারজাত করতে সহায়তা করে।

অ্যালগোভারত রোড টু ইমপ্যাক্ট যাত্রা আটটি শহরের মধ্য দিয়ে ভ্রমণ করেছে - ইন্দোর, সুরাট, দিল্লি, ত্রিভান্দ্রম, পুনে, ব্যাঙ্গালোর, হায়দ্রাবাদ এবং কলকাতা - এবং শেষ পর্যন্ত ডেভেলপার, উদ্যোক্তা, এক্সিকিউটিভ, বিনিয়োগকারী, নীতি আধিকারিক এবং অন্যান্য চিন্তাশীল নেতাদের একত্রিত করবে। 7 এবং 8 ডিসেম্বর হায়দ্রাবাদে ইন্ডিয়া সামিট ব্লকচেইন সমাধানের সম্ভাবনাকে আলোকিত করবে, স্টার্টআপ প্রতিযোগিতা এবং বিকাশকারী ট্র্যাকের বিজয়ীরা তাদের ধারনা প্রদর্শন করবে। অংশগ্রহণকারীরা উত্তেজনাপূর্ণ পুরস্কারের জন্য প্রতিযোগিতা করবে, যার মধ্যে রয়েছে আর্থিক পুরস্কার এবং মেইননেট স্থাপন সমর্থনের জন্য ALGO ক্রেডিট।



## নিম্নচাপ এখন কোথায়, কবে থেকে হবে আবহাওয়ার উন্নতি, জানাল আবহাওয়া দফতর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সোমবার সকালেও ঝিরিঝির বৃষ্টি, আকাশের মুখ ভার। এই অবস্থা থেকে এখনই মুক্তি নেই। এমন পরিস্থিতি চলবে আজ সারাদিন। এমনটাই বলছে আবহাওয়া দফতর। মঙ্গলবার থেকে পরিস্থিতির উন্নতি হবে। সোমবার ভারী বৃষ্টির সম্ভাবনা থাকবে পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুরের মতো জেলাগুলিতে। কলকাতা সহ বাকি জেলাতে হালকা মাঝারি বৃষ্টি হবে।টানা বৃষ্টির জরে জারি হয়েছে কমলা সতর্কতা। বজ্রবিদ্যুত সহ বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে কলকাতা, হাওড়া, হুগলি, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, নদিয়ায়। গত ৪৮ ঘণ্টায় ৯৩ মিলিমিটার বৃষ্টি হয়েছে কলকাতায়। আর গত ৭২ ঘণ্টায় বৃষ্টিপাতের পরিমাণ ১২২ মিলিমিটার। গভীর নিম্নচাপ গাঙ্গেয় বঙ্গ থেকে দুপুরের পর অনেকটাই সরবে। বেলা ১২টার পর পশ্চিমের জেলা হয়ে এই সিস্টেম চলে যাবে ঝাড়খণ্ড অভিমুখে। আগামী ২৪ ঘণ্টায় এটি ঝাড়খন্ড ও উত্তর ছত্তীসগড় এলাকায় পৌঁছবে। তারপর শক্তি হারিয়ে সাধারণ নিম্নচাপে পরিণত হবে। পরশু এই সিস্টেম মধ্যপ্রদেশে বিলীন হয়ে যাবে।তবে বৃষ্টির পরিমাণ অনেকটা কমে যাবে। বজ্রবিদ্যুৎসহ বিক্ষিপ্তভাবে দু এক পশলা বৃষ্টির সম্ভাবনা থাকবে শনিবার পর্যন্ত। এখন প্রশ্ন, নিম্নচাপের অবস্থান কোথায়?

আবহাওয়া দফতরের তরফে বলা হয়েছে গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উপরে তৈরি হওয়া গভীর নিম্নচাপ গত ৬ ঘণ্টায় ৮ কিলোমিটার প্রতি ঘণ্টা বেগে ধীরে ধীরে পশ্চিম, উত্তর-পশ্চিম দিকে সরে

এরপর ৪ পাতায়

১-ম পাতার পর

## আর জি কর কাণ্ডে প্রধান বিচারপতিকে খোলা চিঠি দেশ-বিদেশের সংগঠন ও সুশীল সমাজের

ডিওয়াই চন্দ্রচূড়কে লিখিত আর্জিপত্র দিয়েছেন। এই খোলা চিঠিতে নটি দাবি জানানো হয়েছে প্রধান বিচারপতির কাছে। যার মধ্যে আর জি কর কাণ্ডে অপরাধী শনাক্তকরণ, গ্রেফতার এবং দৃষ্টান্তমূলক শাস্তির দাবি রয়েছে। সুপ্রিম কোর্ট গঠিত জাতীয় টাস্কফোর্সের কাঠামো পরিবর্তনের দাবি জানিয়ে বলা হয়েছে, এই কমিটিতে ডাক্তার, ছাত্র, সমাজকর্মী এবং আইনজীবী নিয়োগ করা হোক। আঞ্চলিক ভিত্তিতে এই কমিটি ধর্ষণ এবং শিক্ষানবীশ ডাক্তার খুনের ঘটনায় প্রাতিষ্ঠানিক গাফিলতি, স্বাস্থ্যক্ষেত্রে দুর্নীতি চক্র ফাঁস করতে অনেক বেশি কার্যকর হবে।চিঠিতে আরও দাবি জানানো হয়েছে, জাতীয় টাস্কফোর্সকে প্রতিবাদী ডাক্তার, পড়ুয়া, মহিলা, নারীবাদী সংগঠন এবং এই ইস্যুতে যারা আন্দোলন করছে তাদের সঙ্গেও আলোচনা করতে হবে। সুপ্রিম কোর্ট যেন একটি বিশেষ ফাস্ট ট্র্যাক আদালত গঠনের নির্দেশ দেয় সে বিষয়েও আর্জি জানানো হয়েছে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতিকে। শীর্ষ আদালতের প্রধান বিচারপতি চন্দ্রচূড়ের কাছে তাঁদের আর্জি, দুর্নীতিগ্রস্ত ও দোষী পুলিশ কর্তা, স্থানীয় রাজনৈতিক দলের কর্মী এবং যারাই শান্তিপূর্ণ প্রতিবাদী ও নাগরিক জমায়েতের উপর শারীরিক নির্যাতন চালিয়েছে তাদের শাস্তির নির্দেশ দিতে।

চিঠির শুরুতেই বলা হয়েছে, আমরা নিম্ন স্বাক্ষরকারীরা নারীবাদী সংগঠন, ছাত্র, গণসংগঠন এবং সাধারণ নাগরিক হিসেবে হতাশা প্রকাশ করছি এই কারণে যে সুপ্রিম কোর্ট স্বতঃপ্রণোদিতভাবে আর জি কর কাণ্ডে মামলা গ্রহণ করলেও তা এখনও পর্যন্ত ন যযৌ ন তস্থৌ অবস্থায় দাঁড়িয়ে রয়েছে। প্রতিবাদী মানুষের অভিযোগ, ক্ষোভ এবং আবেগকে স্পর্শ করতে ব্যর্থ হয়েছে।

## জুনিয়র ডাক্তারদের সোমবার বিকেলে মমতা বন্দ্যোপাধ্যায়ের কালিঘাটের বাড়িতে আবার ডাকা হয়



**কলকাতা: নিউজ সারাদিন :** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কালীঘাটের বাড়িতে সোমবার বিকাল ৫টায় বৈঠকে উপস্থিত থাকবেন জুনিয়ার ডাক্তাররা।সোমবার জুনিয়ার ডাক্তারদের ফের কালীঘাটে মুখ্যমন্ত্রীর বাড়িতে ডাকা হয়। এই মর্মে মুখ্যসচিব মনোজ পন্থ জুনিয়র ডাক্তারদের ইমেল করেন। সোমবার সকালেই আন্দোলনকারী জুনিয়ার ডাক্তারদের আবার ডাকা হয় বৈঠকের জন্য। এদিন বিকাল ৫টায় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কালীঘাটের বাড়িতে ডাকা হয় তাঁদের। এই মর্মে মুখ্যসচিব মনোজ পন্থের তরফ থেকে সকাল ১১টা ৪৮ মিনিটে ইমেল পান জুনিয়ার ডাক্তারেরা। ইমেলে জানানো হয়, সরকারের তরফ থেকে এটিই পঞ্চম এবং শেষ চেষ্টা। এনিয়ে নিজেদের মধ্যে আলোচনার পর বৈঠকে উপস্থিত হওয়ার কথা জানান জুনিয়ার ডাক্তাররা। শনিবার ডাক্তারদের যে প্রতিনিধিরা বৈঠকের জন্য কালীঘাটে এসেছিলেন, সোমবারও তাঁদেরকেই আসতে অনুরোধ করা হয়েছে।

১-ম পাতার পর

## হাওড়ায় ধৃত কনস্টেবল, সিভিক ও অস্থায়ী হোমগার্ড

করার পর প্রাথমিক অনুসন্ধানের ভিত্তিতে গ্রেফতার করা হয় তিন জনকে। সোমবার ধৃত তিন জনকেই হাওড়া আদালতে পেশ করা হয়েছে।সূত্রের খবর, মদ্যপানের পর টাকা দেওয়াকে কেন্দ্র করে ঝামেলার সূত্রপাত হয়েছিল। অভিযোগের ভিত্তিতে ইতিমধ্যেই তিন জনকে গ্রেফতার করেছে সাঁকরাইল থানার পুলিশ। ধৃতদের মধ্যে রয়েছেন পুলিশের কনস্টেবল পাঞ্জাব মণ্ডল, অস্থায়ী হোমগার্ড বিজয় পাল ও সিভিক ভলান্টিয়ার অরিন্দম কোঙার। তিন জনেরই পেশাগত পরিচয়ের কথা নিশ্চিত করেছে পুলিশ।

মিন্টু মাইতি নামে পানশালার এক কর্মী জানিয়েছেন, ঘটনার সময় তিনি ছিলেন না। তবে পরে জানতে পারেন, গোটা ঘটনার কথা। তিনি জানান, ওই তিন জন ব্যক্তি পানশালার মালিক ও কর্মচারীদের মারধর করেছেন বলে অভিযোগ। এমনকি পুলিশের পরিচয় দিয়ে হুমকি দেওয়ার অভিযোগও উঠছে। পুলিশ সূত্রে খবর, ধৃত ওই কনস্টেবল ডোমজুড় থানায় কর্মরত ছিলেন। রবিবার পানশালার এই ঘটনা প্রসঙ্গে হাওড়ার পুলিশ কমিশনার প্রবীণকুমার ত্রিপাঠী জানিয়েছেন, তিন জনকে গ্রেফতার করা হয়েছে। মদ্যপানের পর ঝামেলা করার অভিযোগ রয়েছে তাঁদের বিরুদ্ধে। গত রাতে এই তিন জন একটি পানশালায় গিয়েছিলেন।

## কলকাতা পুলিশের বড়ো কর্তা ব্যক্তিরা আচমকা টালা থানার ওসির বাড়িতে



**বেবি চক্রবর্ত্তী: কলকাতা: নিউজ সারাদিন :** সোমবার আচমকাই কলকাতা পুলিশের বড় কর্তারা গিয়েছিল আরজি কর-কাণ্ডে ধৃত টালা থানার প্রাক্তন ওসি অভিজিৎ মণ্ডলের বাড়িতে। সেখানে তাঁর পরিবারের সঙ্গে কথা বলেন পুলিশের কর্তারা। পুলিশ কর্তারা জানিয়েছেন, তাঁরা অভিজিতের পরিবারের পাশে থাকার বার্তা নিয়ে এসেছেন। পরিবারের সদস্যদের কথা বলে পরিস্থিতি জানতে চেয়েছিলেন। অভিজিতের স্ত্রী জানিয়েছেন, সিবিআই তাঁকে ফোন করে স্বামীর গ্রেফতারের খবর দিয়েছিল। কিন্তু অ্যারেস্ট মেমোর জন্য প্রায় তিন ঘণ্টা তাঁকে অপেক্ষা করিয়ে রেখেছিল।

টালা থানার প্রাক্তন ওসি সার্ভেপার্ক থানার দেবযানী ইনক্লেভ নামে একটি বহুতলে থাকতেন। সেখানেই থাকত তাঁর পরিবারের সদস্যরা। অভিজিতের বাড়িতে এদিন গিয়েছিল কলকাতা পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার (চতুর্থ) ভি সলোমান নিশা কুমার, ডেপুটি কমিশনার অফ পুলিশ (ইস্ট ডিভিশন) আরিশ বিলাল, ডেপুটি কমিশনার (এসএসডি) বিদিশা কলিথা। কলকাতা পুলিশ জানিয়েছে, তাঁরা অভিজিতের পরিবারের পাশে থাকার বার্তা নিয়ে এসেছে। স্ত্রী সঙ্গীতা মণ্ডল ও পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন। কলকাতা পুলিশ সবরকম পরিস্থিতিতে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে। কলকাতা পুলিশের সদস্যরা আরও জানিয়েছে, টালা থানার ওসির কোনও দোষ নেই। ওসি স্পটে দ্রুত পৌঁছেছিলেন। তারা আরও জানিয়েছেন, আরজি করের ঘটনা সেনসেটিভ ক্রাইম। আরজি করের কর্তৃপক্ষ ও চিকিৎসকদের অনুরোধ মেনেই কাজ করা হয়েছিল।

২ পাতার পর

## মঙ্গলেই নবান্নে জরুরি বৈঠক

দেখা হবে বলে খবর।

এই প্রসঙ্গে প্রগতিশীল আলু ব্যবসায়ী সমিতির প্রধান লালু মুখোপাধ্যায় বলেন, 'ভিন রাজ্যের চাহিদা হ্রাস পেয়েছে। সেই কারণে এখন বেশি পরিমাণ আলু বাইরে পাঠানো সম্ভব হয়নি। হিমঘর থেকে কম আলুর বেরোচ্ছে। প্রতি কেজি জ্যোতি আলু এখন হিমঘর থেকে ২৪-২৫ টাকায় বেরোচ্ছে। কলকাতার খুচরো বাজারে সেটা ৩০-৩১ টাকায় বিক্রি হচ্ছে' ।অক্টোবর মাসের শুরুতেই মহালয়া। আর হাতেগোনা কয়েকদিনের অপেক্ষা শেষেই দুর্গাপুজো। এমতাবস্থায় বাজারে নিত্যপ্রয়োজনীয় খাদ্যসামগ্রীর মূল্য পর্যালোচনা করতে আগামীকাল নবান্নে এই বৈঠক ডাকা হয়েছে। সেখানে সংশ্লিষ্ট দফতরের মন্ত্রী, অফিসার, ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি, সরকারি টাস্ক ফোর্সের সদস্যরা হাজির থাকবেন বলে জানা যাচ্ছে।

দুর্গাপুজো আসতে আর কয়েকটা দিন বাকি। এই অবস্থায় যদি বাজারে নিত্যপ্রয়োজনীয় খাদ্যসামগ্রী দাম বৃদ্ধি পায়, তাহলে সাধারণ মানুষের চাপ বাড়বে। তাই আগেভাগেই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে নবান্নে এই বৈঠক ডাকা হয়েছে বলে জানা যাচ্ছে। এর আগে ৯ সেপ্টেম্বর প্রশাসনিক পর্যালোচনা বৈঠকে মমতা বলেছিলেন, পুজোর আগে জিনিসপত্রের মূল্যবৃদ্ধির একটা প্রবণতা দেখা যায়। তাই সেসব দিক পর্যালোচনা করতে বৈঠকের নির্দেশ দেন তিনি। সেই হিসেবেই আগামীকাল নবান্নে বৈঠক ডাকা হল বলে খবর। বর্তমানে আরজি কর ইস্যু নিয়ে উত্তাল রাজ্য। আগামীকাল সুপ্রিম কোর্টে এই মামলার শুনানি রয়েছে। তার আগে জোরকদমে তদন্ত চালাচ্ছে সিবিআই। তবে জানা যাচ্ছে, মঙ্গলবারের বৈঠকে এই নিয়ে কোনও আলোচনা করা হবে না। নবান্ন সূত্রে এমনই খবর পাওয়া গিয়েছে বলে জানা যাচ্ছে।

এদিকে বর্তমানে বাংলা থেকে ভিন রাজ্যে আলু পাঠানো যাচ্ছে। এতে কোনও নিষেধাজ্ঞা নেই। তবে একটি শর্ত রয়েছে। সেটা হল, রাজ্যে আলুর দাম কম থাকতে হবে। সেটা কতখানি কম রয়েছে তা আগামীকালের বৈঠকে আলোচনা হতে পারে। একইসঙ্গে মাছ, মাংস, শাকসবজি সহ অন্যান্য নানান খাদ্যসামগ্রীর মূল্যও খতিয়ে দেখা হবে বলে খবর।

## দুই ইনস্পেক্টর-সহ কলকাতা পুলিশের ৪ অফিসারকে তলব সিবিআইয়ের





**বেবি চক্রবর্ত্তী :কলকাতা: নিউজ সারাদিন :** আরজি করে বড় ষড়যন্ত্রের ইঙ্গিত প্রথম থেকেই তদন্তে গাফিলতির অভিযোগে আঙুল উঠেছিল কলকাতা পুলিশের দিকে। তাই দুই ইনস্পেক্টর-সহ কলকাতা পুলিশের ৪ অফিসারকে তলব সিবিআইয়ের, আরজি করে বড় ষড়যন্ত্রের ইঙ্গিত আরজি কর তদন্তে সিবিআই।তার মধ্যে দু'জন সাব ইনস্পেক্টর রয়েছেন বলে জানা গেছে। তাঁরা এই ঘটনার সঙ্গে জড়িত বলেই মনে করছেন সিবিআই অফিসাররা। এই ঘটনায় তদন্তে নয়া মোড় ঘুরতে পারে বলেই মনে করছেন সকলে। খুলতে পারে 'বৃহত্তর ষড়যন্ত্রের' দুয়ার। আরজি কর হাসপাতালে তরুণী পড়ুয়া-চিকিৎসককে নারকীয় ধর্ষণ ও খুনের ঘটনায় প্রথম থেকেই অভিযোগ উঠেছে, প্রমাণ লোপাট করা হয়েছিল ঘটনার পরে। তা করতে গিয়েই কলকাতা পুলিশের তদন্তে গাফিলতির দিকটিতে বিশেষ নজরে নিয়ে এসেছে সিবিআই। গত ৯ আগস্ট আরজি কর হাসপাতালে তিলোত্তমার নারকীয় ধর্ষণ এবং খুন ঘটনায় ওই আর জি কর হাসপাতালে পোস্ট মর্টেম রিপোর্ট পাশাপাশি তড়িঘড়ি বডি সৎকার। কর্মস্থলে আর জি কর হাসপাতাল প্রতিষ্ঠানে এই ঘটনায় উত্তাল হয়ে ওঠে রাজ্য থেকে রাজনীতি জুনিয়র চিকিৎসকদের বিক্ষোভ কর্মবিরতি পেন ডাউন - রাত দখল এখনও চলছে গণআন্দোলন সামনে দুর্গা পূজার সেই পুজোর থিমে ও থাকছে প্রতিবাদের সুর 'আমার দূর্গা পাক বিচার'।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৪ বর্ষ ২৫৫ সংখ্যা ১৭ সেপ্টেম্বর, ২০২৪ মঙ্গলবার ৩১ ভাদ্র, ১৪৩১

## একটানা বৃষ্টিতে বিপর্যস্ত জনজীবন, জলের তলায় ফসল, একাধিক এলাকা প্লাবিত!

**পশ্চিম মেদিনীপুর : নিউজ সারাদিন :** অতিবৃষ্টির জেরে বন্যা পরিস্থিতি একাধিক জেলায়। পশ্চিম মেদিনীপুর জেলার বিভিন্ন এলাকায় একনাগাড়ে বৃষ্টির জেরে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে।পশ্চিম মেদিনীপুর জেলার ডেবরা, পিংলা, সবং,নারায়ণগড়, কেশিয়াড়ী, দাঁতন ,কেশপুর ও ঘাটালের বিস্তীর্ণ এলাকা এখন জলের তলায়। ডুবেছে মাঠঘাট রাস্তা, ফসলের জমি। মাথায় হাত কৃষকদের।সবং ব্লকের প্রায় ১৩ টি অঞ্চল জলমগ্ন পরিস্থিতি। অতি বৃষ্টির জেরে নদীতে জল বেড়েছে পাশাপাশি সবং ব্লকের একাধিক নিচু এলাকাগুলি পুরোপুরি ভাবে জলের তলায়।জেলার কেশপুর ব্লকের ২ নম্বর শীর্ষা গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত অকুলসাঁড়া, সিদ্ধেশ্বরী ও আকমুড়া সহ ৫ থেকে ৬ টি গ্রাম প্লাবিত। কেশপুর ব্লকের উপর দিয়ে বয়ে যাওয়া কুবাই নদীর জল উপচে ঢুকতে শুরু করেছে ২ নং শীর্ষা গ্রাম পঞ্চায়েতের অকুলসাঁড়া, আকমুড়া, সিদ্ধেশ্বরী, পাখিরাপাড়া সহ ৫/৬ টি গ্রামে। ফলে প্লাবিত হচ্ছে একের পর এক গ্রাম। নদী পেরিয়ে যাতায়াতের কাঠের ব্রীজও জলের তলায়, ফলে বন্ধ যাতায়াত। নদী জল ঢুকে প্লাবিত হয়েছে প্রায় ৪/৫০০ বিঘা চাষজমি। ঘাটালে একাধিক নদীর জল বিপদ সীমার ওপর দিয়ে বইছে। পাকা রাস্তায় কোথাও এক হাঁটু তো কোথাও এক কোমর জল! যাতায়াতের মাধ্যম এখন ডিঙ্গি নৌকা।কালো মেঘের অশনি সংকেত দেখে আতঙ্কে দিন কাটছে এলাকাবাসীর।

## সম্পাদকীয়

### কোটি-কোটি টাকার সাহায্য, বাংলাদেশের মাথায় হাত বোলানো শুরু আমেরিকার

হাসিনা পরবর্তী বাংলাদেশের মাথায় হাত বোলানো শুরু করে দিল মার্কিন যুক্তরাষ্ট্র। রবিবার (১৫ সেপ্টেম্বর) সংস্কার-সংক্রান্ত এজেন্ডা বাস্তবায়নে মার্কিন যুক্তরাষ্ট্রের কাছে সহায়তা চাইল বাংলাদেশের অন্তর্বর্তীকালী সরকার। শেখ হাসিনার পতনের পর, এদিন বাংলাদেশ সফরে এসেছিল মার্কিন ট্রেজারি বিভাগের আন্তর্জাতিক অর্থবিষয়ক সহকারি সচিব, ব্রেন্ট নেইম্যানের নেতৃত্বাধীন এক মার্কিন প্রতিনিধি দল।মার্কিন প্রতিনিধি দলের এই সফরের দিকে কড়া নজর রয়েছে নয়া দিল্লির। শেখ হাসিনার পতনের পর এই প্রথম এই ধরনের উচ্চ-পর্যায়ের মার্কিন প্রতিনিধিদল বাংলাদেশ সফরে এল। শেখ হাসিনা মার্কিন প্রশাসনের ব্যাপক সমালোচক ছিলেন। বাংলাদেশ ছাড়ার পরও তিনি অভিযোগ করেছেন, যে ছাত্র-জনতার বিক্ষোভের জেরে তিনি ঢাকা ছাড়তে বাধ্য হয়েছেন, তা আসলে ছিল মার্কিন ষড়যন্ত্র। তাঁর দাবি, বাংলাদেশের সেন্ট মার্টিন্স দ্বীপে সেনা ঘাঁটি গড়তে চেয়েছিল মার্কিনিরা। তিনি রাজি না হওয়াতেই তাঁকে সরিয়ে দেওয়া হয়েছে। অন্যদিকে, অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা, মহম্মদ ইউনুসের ওয়াশিংটনের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। কাজেই হাসিনা বিদায়ের পর, বাংলাদেশে মার্কিনিরা ছড়ি ঘোরাতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।এই দলে ছিলেন মার্কিন বিদেশ দফতরের দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক সহকারি সেক্রেটারি ডোনাল্ড লু-ও। তাঁদের সামনে অন্তর্বর্তীকালীন সরকারের প্রয়োজনীয়তাগুলি তুলে ধরেন প্রধান উপদেষ্টা মহম্মদ ইউনুস।

ইউনুসের কার্যালয় জানিয়েছে, মার্কিন প্রতিনিধি দলের সঙ্গে প্রায় এক ঘণ্টাব্যাপী আলোচনা হয় তাঁর। ছাত্র-জনতার বিক্ষোভের মুখে শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামি লিগ সরকারের পতনের পর বাংলাদেশে বর্তমান পরিস্থিতি কী, সেই সম্পর্কে সফররত মার্কিন প্রতিনিধিদলকে জানান ইউনুস। তিনি জানান, বিচার বিভাগ, পুলিশ, নির্বাচন কমিশন এবং সংবিধান সংস্কারের জন্য একটি দুর্নীতিবিরোধী দল গঠনের পাশাপাশি ছয়টি কমিশন গঠন করেছে অন্তর্বর্তীকালীন সরকার। ইউনুস বলেন, “দেশের পুনর্গঠন, গুরুত্বপূর্ণ সংস্কার এবং চুরি হওয়া সম্পদ ফিরিয়ে আনতে মার্কিন সমর্থন চাই।” তিনি আরও বলেন, “এটা আমাদের জন্য এক অত্যন্ত গুরুত্বপূর্ণ সময় এবং আমাদের ইতিহাসে এক গুরুত্বপূর্ণ মুহূর্ত।”

অপরদিকে, ইউনুস সরকারকে অর্থনৈতিক সুযোগ সম্প্রসারণ, প্রতিষ্ঠান নির্মাণ এবং মানবাধিকার সমুন্নত রাখতে সহায়তা করার প্রতিশ্রুতি দিয়েছে মার্কিন প্রতিনিধি দলটি। এমনটাই জানিয়েছে ঢাকার মার্কিন দূতাবাস। সোশ্যাল মিডিয়ায় তারা বলেছে, “আমরা আমাদের অংশীদার বাংলাদেশের সঙ্গে অর্থনৈতিক সুযোগ সম্প্রসারণ, প্রতিষ্ঠান নির্মাণ, মানবাধিকার সমুন্নত রাখতে এবং জলবায়ু ঝুঁকি কমাতে সাহায্য করতে প্রতিশ্রুতিবদ্ধ।” শুধু মুখের কথা নয়, ইউএস এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট জানিয়েছে, সার্বিক উন্নয়ন, যুবদের ক্ষমতায়ন, গণতন্ত্রকে শক্তিশালী করা, জনস্বাস্থ্যের উন্নতি এবং জনগণের জন্য বাণিজ্য ও অর্থনৈতিক সুযোগ তৈরির জন্য বাংলাদেশকে তারা ২০ কোটি ২২ লক্ষ মার্কিন ডলার সহায়তা দেবে।

## আদ্যাশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(ষষ্ঠ পর্ব)



মধ্যে পুরুষের তথাকথিত নারীশরীরের লোভ সঞ্জাত করেছিলেন পৌরাণিকেরা।

তাই দুর্গা নামের যুদ্ধাস্ত্রটি স্ত্রীরূপে শোভিত, এক পুরুষকে প্রলোভন দেখাবে বলেই। যদিও আমাদের ঘরের মেয়ে বা লৌকিক দুর্গার সঙ্গে পৌরাণিক কাহিনির তেমন কোনো মিল নেই। লৌকিক দুর্গা আমাদের ঘরের মেয়ে, চলতি তথাকথিত মেয়েলি সব বৈশিষ্ট্য তাঁর অধিকার। মাকে যেমন একা হাতে অনেক কাজ করতে হয়, ঠিক যেমন মা দুর্গাকে দশ হাতে যুদ্ধ করতে হয়েছিল মহিষাসুরবধের সময়। সব দেবতা অস্ত্র দিয়ে সাহায্য করেছিল মা দুর্গাকে। অনেকগুলো দৈত্য, দানব, অসুরকে তিনি মেরেছিলেন। আমরা শুধু মহিষাসুরের নামটাই জানি। রক্তবীজ, চণ্ড, মুণ্ড, শুম্ভ, নিশুম্ভ, ধূম্রলোচন, মধু, কৈটভ আর মহিষাসুর, মোট নয়জন অসুরকে মা দুর্গা বধ করেছিলেন। এই এক একজন দুষ্ট অসুর আসলে সমাজের খারাপ লোকেদের প্রতীক। ধরে নেওয়া যায়, এই অসুরদের একজন চোর, একজন ডাকাত, একজন মিথ্যাবাদী, একজন হিংসুটে, একজন মেয়েদের ওপর অত্যাচার করে, একজন অসৎ, একজন খুনি,

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## ঝাড়খন্ডের টাটানগরে ৬৬০ কোটি টাকারও বেশি বিনিয়োগে বেশ কয়েকটি রেল প্রকল্পের শিলান্যাসের পাশাপাশি ৬টি নতুন বন্দে ভারত ট্রেনের যাত্রা সঙ্কেত দিলেন প্রধানমন্ত্রী



**নতুন দিল্লি, ১৫ সেপ্টেম্বর ২০২৪ : নিউজ সারাদিন :** 'সবকা সাথ, সবকা বিকাশ' মন্ত্রটি এখন আমাদের চিন্তা-ভাবনার জগতে আমূল পরিবর্তন এনে দিয়েছে। শুধু তাই নয়, এই মন্ত্রকে অবলম্বন করে আমরা এখন অগ্রাধিকারপ্রাপ্ত ক্ষেত্রগুলিও চিহ্নিত করতে পেরেছি। জাতির বর্তমান অগ্রাধিকারগুলি হল দরিদ্র, আদিবাসী, দলিত, বঞ্চিত, নারী, যুব এবং কৃষক সাধারণের কল্যাণে কাজ করে যাওয়া। আজ ঝাড়খন্ডের টাটানগরে ৬৬০ কোটি টাকারও বেশি বিনিয়োগে বিভিন্ন রেল প্রকল্পের শিলান্যাসকালে একথা বলেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। কয়েকটি প্রকল্প তিনি উৎসর্গ করেন জাতির উদ্দেশেও। এছাড়াও প্রধানমন্ত্রী আবাস যোজনা - গ্রামীণ-এর ৩২,০০০ সুফলভোগীর হাতে তিনি সরকারি মঞ্জুরিপত্রও তুলে দেন। এর আগে, এদিন টাটানগর জংশন রেলস্টেশনে এক ভিডিও কনফারেন্সিং-এর মঞ্চে ৬টি নতুন বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রা সঙ্কেত দেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী এই উপলক্ষে এদিন তাঁর ভাষণে বলেন, দেশের প্রত্যেকটি রাজ্য এবং প্রতিটি শহরের চাহিদা হল অন্তত একটি করে বন্দে ভারত ট্রেনের। পূর্ব ভারতে রেল সংযোগের প্রসার সংশ্লিষ্ট অঞ্চলের অর্থনীতিকে আরও মজবুত করে তুলবে বলে মনে করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, এর ফলে বিশেষ ভাবে উপকৃত হবেন ব্যবসা-বাণিজ্যের কাজে যুক্ত বিভিন্ন মানুষ সহ অন্যান্য পেশায় নিযুক্ত কর্মী ও ছাত্রসমাজ। তিনি মনে করেন যে, ৬টি নতুন বন্দে ভারত ট্রেন চালু হওয়ার ফলে সংশ্লিষ্ট অঞ্চলগুলিতে সাংস্কৃতিক কর্মপ্রচেষ্টাও বিশেষভাবে উৎসাহিত হবে। যেমন, এই ট্রেনগুলি ব্যবহার করে বারাণসী তীর্থ যেমন জনসাধারণ ভ্রমণ করতে পারবেন, ঠিক তেমনি ভাবেই তাঁরা পৌঁছে যাবেন দেওঘরের বাবা বৈদ্যনাথ ধামে। এই উদ্দেশ্যেই বারাণসী ও দেওঘরের মধ্যে চালু হয়েছে একটি বন্দে ভারত এক্সপ্রেস ট্রেন। এর ফলে, সংশ্লিষ্ট অঞ্চলে পর্যটনের প্রসার যেমন ত্বরান্বিত হবে, অন্যদিকে তেমনি টাটানগরে শিল্পোন্নয়ন প্রচেষ্টাও উৎসাহিত হওয়ার পাশাপাশি যুবসমাজের জন্য নতুন নতুন কর্মসংস্থানেরও সুযোগ সৃষ্টি হবে। প্রধানমন্ত্রী বলেন, দ্রুত উন্নয়নের একটি পূর্ব শর্তই হল আধুনিক রেল পরিকাঠামো গড়ে তোলা। প্রসঙ্গত অন্যান্য আরও উন্নয়ন প্রকল্পের কথাও এদিন তাঁর ভাষণে তুলে ধরেন শ্রী নরেন্দ্র মোদী। তিনি বলেন, দেওঘরে মধুপুর বাইপাস লাইন তৈরির জন্য যে শিলান্যাস পর্ব অনুষ্ঠিত হয়েছে, তা হাওড়া-দিল্লি মেনলাইনে ট্রেন চলাচলকে আরও দ্রুত ও মসৃণ করে তুলবে। সেই সঙ্গে গিরিডি এবং জশিডির মধ্যে যাতায়াতের সময়ও অনেকটা হ্রাস পাবে। হাজারিবাগ জেলায় হাজারিবাগ টাউন কোচিং ডিপো সম্পর্কে বলতে গিয়ে প্রধানমন্ত্রী এদিন বলেন, এই প্রকল্পটি বাস্তবায়িত হলে সংশ্লিষ্ট এলাকায় কোচিং স্টকের ব্যবস্থাপনার কাজ আরও সুবিধাজনক হয়ে উঠবে। আবার কুরকুরা-কানারোয়াঁ লাইনটি ডাবল করে তোলার মাধ্যমে ঝাড়খন্ডে রেল সংযোগ যেমন বৃদ্ধি পাবে, তেমনি শিল্প সংস্থাগুলির সঙ্গে সংযোগসাধনের কাজও অনেকটাই সহজ হয়ে যাবে। ঝাড়খন্ড রাজ্যটির সার্বিক উন্নয়ন পরিকল্পনা খাতে কেন্দ্রীয় সরকার বিনিয়োগের পরিমাণ যে অনেকটাই বৃদ্ধি করেছে একথাও আজ প্রসঙ্গত তুলে ধরেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, এবছরের বাজেটে ঝাড়খন্ডে রেল পরিকাঠামোকে আরও জোরদার করে তুলতে ৭ হাজার কোটি টাকারও বেশি বরাদ্দ করা হয়েছে। সেই অর্থে আজ থেকে ১০ বছর আগে এই খাতে যে পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছিল তার তুলনায় বর্তমান বছরের বাজেট বরাদ্দ ১৬ গুণ বেশি। প্রধানমন্ত্রী জানান, ঝাড়খন্ডের রেলপথগুলির বৈদ্যুতিকীকরণের কাজ ১০০ শতাংশ সম্পূর্ণ। এই রাজ্যের ৫০টিরও বেশি রেলস্টেশনকে 'অমৃত ভারত' রেলস্টেশন রূপে উন্নীত করা হবে। প্রধানমন্ত্রীর এদিনের ভাষণে ২০১৪ সালের পর থেকে দেশের দরিদ্র, দলিত, একদা বঞ্চিত এবং আদিবাসী পরিবারগুলির ক্ষমতায়ন প্রচেষ্টার অগ্রগতির একটি লেখচিত্র তুলে ধরেন। প্রধানমন্ত্রী জনমন যোজনা, প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীণ এবং অন্যান্য আরও কয়েকটি কল্যাণমূলক কর্মসূচির কাথাও এদিন স্পর্শ করে যায় প্রধানমন্ত্রীর বক্তব্যে। ঝাড়খন্ডের রাজ্যপাল শ্রী সন্তোষ গঙ্গোয়ার এবং কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শ্রী শিবরাজ সিং চৌহ্বানও উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর আজকের কর্মসূচিতে।

## সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

চাঁদ পাগলের মত ছুটে এলো বেহুলার কাছে। কিন্তু এসে যেই শুনলো যে তাকে মনসার পুজো করতে হবে, তখন তার সকল আনন্দ নিভে গেলো, সে দৌড়ে স'রে গেলো সবকিছুর থেকে। বেহুলা গিয়ে কেঁদে পড়লো চাঁদের পায়ে। যে-চাঁদ মনসাকে চিরদিন অপমান করেছে, যে কোনদিন পরাজিত হতে চায় নি, সে- চাঁদ বেহুলার অশ্রুর কাছে পরাজিত হলো।

ক্রমশঃ

## বৃষ্টির জলে ভাসল হসপিটাল থেকে ব্যাঙ্ক ও ষ্টেশন রোড

**হুগলি: নিউজ সারাদিন :** গত দুইদিন কেটে গেলো নিম্ন চাপের বৃষ্টি হয়েছে, কিন্তু এখোনো পর্যন্ত জলমগ্ন হয়ে রয়েছে হুগলি জেলার বিভিন্ন চিকিৎসা কেন্দ্র থেকে ব্যাঙ্ক । অনেকের বাড়িতেও জল ঢুকে গিয়েছে। চুঁচুড়া শহরের বিভিন্ন স্থানে একই পরিস্থিতিতী, মানুষ কাজে বেরোতে পারছেনা।জল জমার পলে ব্যান্ডেল ইসআই হসপিটালে চিকিৎসার ব্যাগাত ঘটছে।একটু বৃষ্টি হলেই ব্যান্ডেল ষ্টেশন রোড থেকে শুরু করে ব্যান্ডেল ও শহরে ঢোকার মুখে অর্থাৎ চুঁচুড়া সাবওয়ের নিচে জল জমে এমনকি চুঁচুড়া হসপিটাল থেকে ব্যান্ডেল ইএসআই হসপিটালে জলমগ্ন, মানুষের চিকিৎসায় নানারকম সমস্যা হচ্ছে।অনেকের বক্তব্য এই জল জমার সমস্যার হাত থেকে কবে মিলবে সমাধান। অনেকের বাড়িতে জল জমার পলে বাড়িতে বসবাস করতে সমস্যা হচ্ছে।চুঁচুড়ার বিভিন্ন জায়গায় জল জমার খবর পেয়ে জলমগ্ন এলাকা পরিদর্শন করলেন চুঁচুড়ার বিধায়ক অসিত মজুমদার।

## ১৬ অক্টোবর পূজনীয় স্বামী অন্তর্লোকানন্দ মহারাজ রামকৃষ্ণলোক গমন করেন

**বেবি চক্রবর্তী: নিউজ সারাদিন :** পূজনীয় স্বামী অন্তর্লোকানন্দ মহারাজ কয়েক দিন পূর্বে স্বামী বিবেকানন্দের পৈতৃক বাসস্থানে কর্মরত অবস্থায় হঠাৎ অসুস্থ হয়ে পরেন। তাঁকে রামকৃষ্ণ মিশন সেবাপ্রতিষ্ঠানে নিয়ে ভর্তি করা হলে ডাক্তাররা পরীক্ষার পর দেখেন মহারাজের ব্লাড ক্যান্সার হয়েছে। এরপরই মহারাজকে মুম্বাইয়ের হিন্দুজা হাসপাতালে চিকিৎসার জন্য পাঠানো হয়। আজ ১৬ সেপ্টেম্বর দুপুরে রামকৃষ্ণলোকে চলে গেলেন। তিনি স্বামী বিবেকানন্দের পৈতৃক আবাসে আসার পূর্বে রহড়া রামকৃষ্ণ মিশনে সেবারত ছিলেন। তিনি রহড়া রামকৃষ্ণ মিশনের ছাত্র ছিলেন এবং সেখানেই সংঘে যোগ দেন। তিনি ছিলেন সহজসরল ও অমায়িক স্বভাবের ভালো সাধু। সবসময়ের ন্যায় শরীর ত্যাগের পূর্ব দিনও তিনি ছিলেন হাসিখুশি।

৩ পাতার পর

## নিম্নচাপ এখন কোথায়, কবে থেকে হবে আবহাওয়ার উন্নতি, জানাল আবহাওয়া দফতর

গিয়েছে। বর্তমানে সেটি পশ্চিমবঙ্গ ও ঝাড়খণ্ডের উপরে কেন্দ্রীভূত হয়েছে। সকালে সেটি ছিল পুরুলিয়া থেকে ৪০ কিলোমিটার দক্ষিণ-পূর্বে, বাঁকুড়া থেকে ৫০ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে, জামশেদপুর থেকে ৬০ কিলোমিটার পূর্ব-উত্তর পূর্বে। এটি আরও উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হতে পারে। পরবর্তী ১২ ঘণ্টার মধ্যে নিম্নচাপটি দুর্বল হয়ে যেতে পারে। এরপর সেটি ঝাড়খণ্ড ও উত্তর ছত্তীসগড়ের উপর দিয়ে উত্তর পশ্চিম দিকে অগ্রসর হবে।

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

## এবার মমতার পদত্যাগ চেয়ে শ্রীলেখার বার্তা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ভারতের আর জি কর কাণ্ডের পর মাসখানেক পেরিয়ে গেছে। এটিকে কেন্দ্র করে সমাজের বিভিন্ন স্তরের মানুষ প্রতিবাদ যোগ দিয়েছেন। প্রতিবাদে যোগ দিয়েছেন তৃণমূল পর্যায় থেকে শুরু করে সকল শিল্পী ও তারকারা। সম্প্রতি আরজি কর কাণ্ডের মামলায় কলকাতার আদালতের শুনানির পর মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সব আন্দোলনরতদের ফিরে যেতে ও সাধারণ মানুষদের আসন্ন দুর্গাপূজার উৎসবের জন্য প্রস্তুতি নিতে অনুরোধ করেন।

মমতা ব্যানার্জির এ ধরনের বক্তব্যর তীব্র নিন্দা প্রকাশ করেছেন টালিউড অভিনেত্রী শ্রীলেখা মিত্র। একইসঙ্গে মুখ্যমন্ত্রীর সরাসরি পদত্যাগও চান তিনি। সম্প্রতি সামাজিক যোগাযোগের মাধ্যমে একটি পোস্টে মুখ্যমন্ত্রীর বক্তব্যে প্রতিবাদ জানান শ্রীলেখা।

ওই স্ট্যাটাসে অভিনেত্রী লিখেছেন, "কি বলবেন বলুন এবার, ১ মাসে বাবা মা তার মেয়ের ধর্ষণ হত্যা ভুলে যাক? মানুষ আপনাদের অন্যায় আবারও মেনে নিক? চাঁদা আর ভাতায় সব চাপা পড়ে যাক? সেটি আর হচ্ছে না দিদি। আপনি মানে মানে গদিটি ছাড়েন তারপর হবে আমাদের পূজা, তিলোত্তমাদের পূজা। মানুষ আপনার পূজার ফানুসে আর ভুলছেনা।"

এর আগে গত ৫ সেপ্টেম্বর সুপ্রিম কোর্টে এই মামলার শুনানির দিন ধার্য ছিল। কিন্তু প্রধান বিচারপতি বেঞ্চে না বসায় তারিখ পিছিয়ে ৯ সেপ্টেম্বর করা হয়। এদিন শুনানির পর নবান্নে এক প্রশাসনিক বৈঠকে মমতা বলেন, এক মাস কেটে গেছে। আমি আপনাকে অনুরোধ করছি, পূজায় ফিরে আসুন, উদযাপনে ফিরে আসুন।

উল্লেখ্য, কলকাতার আর জি করে ঘটে যাওয়া ন্যাক্কারজনক ধর্ষণ ও হত্যার বিচার চেয়ে সবার আগে রাস্তায় নেমেছিলেন শ্রীলেখা। নেপথ্যে অন্যায়-অবিচার এ সকল কোনোকিছুই যেন সহ্য করেননা শ্রীলেখা। আগাগোড়াই ঠোঁটকাটা স্বভাবের এই অভিনেত্রী। ধর্ম, জাতি, দেশ কোনোকিছুকেই বিভক্ত করেননা তিনি। যেখানেই অনিয়ম-অত্যাচার দেখতে পান, সরাসরি মুখ খোলেন।



## ক্যাটরিনা যেন বিয়ে করেন সালমানকে, আপ্রাণ চেষ্টা করেছিলেন আমির!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** প্রায় অর্ধযুগ ধরে প্রেম করেছেন বলিউড অভিনেতা সালমান খান ও অভিনেত্রী ক্যাটরিনা কাইফ। ২০০৫ সালে প্রথমবারের মতো 'ম্যায়নে প্যায়ার কিউ কিয়া' সিনেমাতে একসঙ্গে কাজ করেন এই জুটি। যদিও তার আগে থেকেই দুজনের মাঝে প্রেম। তবে রুপালী পর্দার পাশাপাশি বাস্তবেও জুটি হিসেবে সালমান-ক্যাটরিনাকে দেখতে চেয়েছিলেন অনুরাগীরা। এমনটা চেয়েছিলেন আরেক বলিউড অভিনেতা আমির খানও। এবং সেটা সত্যি করতে আপ্রাণ চেষ্টাও করেছিলেন তিনি।

সংবাদমাধ্যমে প্রকাশিত খবর অনুযায়ী, বিয়ের কথা পর্যন্ত গড়িয়েছিল সালমান-ক্যাটরিনার সম্পর্ক! অভিনেত্রীকে জীবনসঙ্গী হিসেবে ভীষণভাবে চেয়েছিলেন সালমান। তবে সবাইকে চমকে দিয়ে আচমকা বিচ্ছেদ হয়ে যায় এই যুগলের। সালমানের সঙ্গে বিচ্ছেদের পর ২০১৩ সালে রণবীর কাপুরের সঙ্গে চুটিয়ে প্রেম করছেন ক্যাটরিনা কাইফ। সে সময়েই আমির খানের সঙ্গে 'ধুম ৩' সিনেমায় কাজ করেন তিনি। 'ধুম ৩'র প্রচারে এসে আবারও সালমান খান প্রসঙ্গে প্রশ্নের মুখে পড়তে হয় ক্যাটরিনাকে। সিনেমাটির প্রচারে সংবাদ সম্মেলনে আমির খান জানান, তিনি বহু চেষ্টা করেছেন সালমানের বিয়ের জন্য। অনেক অনুরোধ করেছেন ভাইজানকে। কিন্তু অভিনেতা শুনছেন না সে কথা। আমির যখন কথাগুলো বলছিলেন তখন পাশে নিশ্চুপ হয়ে বসে ছিলেন ক্যাটরিনা। এরপর এক সাংবাদিক অভিনেত্রীকে জিজ্ঞেস করেন, 'সালমানের বিয়ে না করা নিয়ে তার মন্তব্য কী?'

জবাবে অস্বস্তি নিয়ে ক্যাটরিনা বলেন, 'আমি সত্যিই জানি না কী বলব এ বিষয়ে... কিছু বলতে পারলে ভালো হতো, কিন্তু এ প্রশ্নের কোনো জবাব নেই আমার কাছে।' তখন পাশ থেকে আমির আবেগঘন গলায় ক্যাটরিনাকে জিজ্ঞেস করেন, 'আদৌ কখনও সালমানকে জিজ্ঞেস করেছো, সে বিয়ে করতে চায় কি না?' দৃশ্যত লজ্জায় আরও কুঁকড়ে যান ক্যাটরিনা। বলেন, 'এ বিষয়ে কিছুই বলার নেই আমার!'

আমির তখন প্রকাশ্যেই বলে ফেলেন, তিনি নিজেও বাস্তবে চেয়েছেন সালমান-ক্যাটরিনাকে স্বামী-স্ত্রী হিসেবে দেখতে। অভিনেতার কথায়, 'পর্দার মতো বাস্তবেও ওদের একসঙ্গে দেখতে চাই। একসঙ্গে থাকছে এটা দেখতে চাই।'

উল্লেখ্য, ২০১২ সালে মুক্তি পাওয়া 'এক থা টাইগার' সিনেমাতে জুটি বেঁধেছিলেন সালমান-ক্যাটরিনা। সেই সিনেমার শুটিংয়ের সময়ে দু'জনের মধ্যে ছিল একরাশ অস্বস্তি ও টানাপড়েন। কারণ, সিনেমার শুটিং শুরুর আগেই ২০১০ সালের দিকে তাদের সম্পর্কে ফাটল ধরে।

আর বিষয়টি প্রকাশ্যে আনেন সিনেমাটির পরিচালক কবির। সম্প্রতি এক সাক্ষাৎকারে তিনি বলেছেন, 'তখন তাদের বিচ্ছেদ হয়েছে এবং একে অপরের সঙ্গে তারা খুব বেশি স্বতঃস্ফূর্ত ছিলেন না।'

## ছাদ থেকে লাফ দিয়ে আত্মহত্যা করলেন মালাইকার বাবা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ছাদ থেকে লাফ দিয়ে আত্মহত্যা করেছেন বলিউড অভিনেত্রী মালাইকা অরোরার বাবা অনিল অরোরা। বুধবার মুম্বাইয়ের বান্দ্রার বাড়ির ছাদ থেকে লাফ দিয়ে আত্মহত্যা করেছেন তিনি।

ভারতীয় গণমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে-মালাইকার বাবা দীর্ঘদিন ধরে অসুস্থ ছিলেন। মার্চেন্ট নেভিতে কর্মরত ছিলেন তিনি। ইতোমধ্যেই ঘটনাস্থলে পৌঁছেছে বান্দ্রা পুলিশ ও ক্রাইম ব্রাঞ্চের দল। তবে পুলিশ এখন পর্যন্ত কোনো সুইসাইড নোট পায়নি। মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে পুলিশ।

এদিকে, এ ঘটনা জানতে পেরে সেখানে পৌঁছেছেন মালাইকার প্রাক্তন স্বামী আরবাজ খানও। এ ঘটনার সময়ে বাড়িতে ছিলেন না মালাইকা।

## ছাড়পত্র পেল কঙ্গনার 'ইমার্জেন্সি'



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** শর্তসাপেক্ষে ছাড়পত্র পেল কঙ্গনা রানাউত পরিচালিত ও অভিনীত ছবি 'ইমার্জেন্সি'। বেশকিছু দৃশ্য বাদ দেয়ার শর্তে মুক্তি দেয়া যাবে এই সিনেমা- এমনটাই জানিয়েছে ভারতের সেন্ট্রাল বোর্ড অব ফিল্ম সার্টিফিকেশন। 'ইমার্জেন্সি' ছবির নির্মাতাদের ছবিতে দেখানো ঐতিহাসিক ঘটনাগুলোর ডিসক্লেইমার দিতে বলেছে সিবিএফসি।

সেন্সর বোর্ডের পক্ষ থেকে ইউএ সার্টিফিকেট পেলেও কবে সিনেমা মুক্তি পাবে, সেটা এখনো ঘোষণা করেননি নির্মাতারা। কমিটি চলচ্চিত্র নির্মাতাদের একটি দৃশ্য সরিয়ে নিতে বলেছে, যেখানে পাকিস্তানি সৈন্যরা বাংলাদেশি শরণার্থীদের আক্রমণ করছে। একজন সৈনিকের একটি শিশুর মাথা থেঁতলে দেয়ার দৃশ্য এবং তিনজন নারীর শিরশ্ছদে করার দৃশ্য সরাতে বলা হয়েছে। কমিটি একটি লাইনে উল্লিখিত একটি পরিবারের পদবি পরিবর্তন করতেও বলেছে। জুলাই মাসের ৮ তারিখে সেন্সর রিভিউয়ের জন্য জমা পড়েছিল 'ইমার্জেন্সি'।

তার মাঝেই শিখ সম্প্রদায় একগুচ্ছ দাবি তুলে নিষিদ্ধ করার ডাক দেয়। সেন্সর বোর্ডের কাছে চিঠি পাঠিয়ে কঙ্গনা রানাউতের 'ইমার্জেন্সি' মুক্তি আটকানোর আবেদন জানিয়েছিল তারা। সেই বিতর্কের জেরে ৬ সেপ্টেম্বর থেকে পিছিয়ে যায় 'ইমার্জেন্সি'র মুক্তি। সিনেমাটি এর আগেও ২০২৩ সালের ২৪ নভেম্বর প্রেক্ষাগৃহে মুক্তি পাওয়ার কথা ছিল, তবে সময়সূচি পরিবর্তনের কারণে তা স্থগিত করা হয়েছিল।

আসন্ন সিনেমায় কঙ্গনাকে দেখা যাবে ইন্দিরা গান্ধীর চরিত্রে। এ সিনেমায় আরো অভিনয় করেছেন অনুপম খের, মহিমা চৌধুরী, মিলিন্দ সোমান, শ্রেয়স তলপাড়ে ও প্রয়াত সতীশ কৌশিক।

## দুর্ঘটনার কবলে রাশমিকা মান্দানা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বেশ কয়েকদিন ধরেই সামাজিক যোগাযোগ মাধ্যম থেকে দূরে আছেন অভিনেত্রী রাশমিকা মান্দানা। এবার তার কারণই জানালেন এই অভিনেত্রী। তিনি জানান, গত মাসে একটি ছোট দুর্ঘটনার শিকার হয়েছিলেন এবং বর্তমানে সুস্থ হয়েছেন।

সামাজিক যোগাযোগ মাধ্যমে চশমা পরা অবস্থায় মাথা ধরে ক্যাজুয়াল লুক নিয়ে নিজের একটি ছবিও শেয়ার করেছেন। যেখানে ক্যাপশনে লিখেছেন, 'হ্যালো বন্ধুরা। কেমন আছেন আপনারা? আমি এখানে আসার পর থেকে বেশ কিছুদিন কেটে গিয়েছে বা আমাকে জনসমক্ষে দেখা গিয়েছে।'

অভিনেত্রী আরো বলেন, 'গত মাসে আমি খুব বেশি সক্রিয় ছিলাম না কারণ আমার একটি ছোট দুর্ঘটনা হয়েছিল এবং আমি সুস্থ হয়ে উঠছিলাম। ডাক্তাররা আমাকে যেমন বলেছিলেন তেমন বাড়িতেই থাকছিলাম। আমি এখন আরো ভালো আছি।'

স্বাস্থ্যকে উপেক্ষা না করার জন্য অনুরোধ করে তিনি লিখেছেন, 'সর্বদা নিজের যত্ন নেয়াকে অগ্রাধিকার দিন কারণ জীবন অত্যন্ত ভঙ্গুর এবং সংক্ষিপ্ত এবং আমরা জানি না যে আমাদের আগামীকাল থাকবে কি না তাই প্রতিদিন সুখ বেছে নিন।'

রাশমিকার সুস্থতা কামনা করে একজন লিখেছেন, 'আপনি ভালো বোধ করছেন শুনে খুব খুশি হলাম। দুর্ঘটনা কঠিন হতে পারে, তবে আপনাকে এমন ইতিবাচকতা এবং শক্তি নিয়ে ফিরে আসতে দেখে খুব ভাল লাগছে।' আরেকজনের ভাষ্য, 'তুমি ভাল আছো শুনে খুব খুশি হয়েছি রাশমিকা।'

উল্লেখ্য, রাশমিকাকে সর্বশেষ রণবীর কাপুরের সঙ্গে অ্যানিম্যাল ছবিতে দেখা গিয়েছিল। এরপর তিনি 'পুষ্পা ২: দ্য রুল'-এ শ্রীবল্লীর ভূমিকায় অভিনয় করবেন, যা আল্লু অর্জুনেরও কামব্যাক ছবি।

## জুয়া ও ম্যাচ ফিক্সিংয়ের অভিযোগে
# ৪৩ জনকে আজীবন নিষেধাজ্ঞা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : জুয়ায় অংশ নেওয়া ও ম্যাচ পাতানোর অভিযোগে ৪৩ জনকে আজীবন নিষিদ্ধ করেছে চাইনিজ ফুটবল অ্যাসোসিয়েশন (সিএফএ)। এর মধ্যে চীনের জাতীয় ফুটবল দলের সাবেক তিনজনসহ দক্ষিণ কোরিয়ার বিশ্বকাপ দলের সন জুন হো-ও আছেন। চীনের রাষ্ট্রায়ত্ত সংবাদমাধ্যম এ তথ্য নিশ্চিত করেছে। প্রেসিডেন্ট সি জিনপিংয়ের অধীনে বেইজিং সাম্প্রতিক বছরগুলোতে ক্রীড়াঙ্গন, বিশেষ করে ফুটবলে দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থান নিয়েছে এবং দুর্নীতির দায়ে অনেক শীর্ষ কর্মকর্তাকে কারাগারে পাঠিয়েছে।

সি জিনপিং নিজেও একজন ফুটবলভক্ত। সবসময়ই স্বপ্ন দেখেন চীনে একদিন বিশ্বকাপ আয়োজিত হবে ও তারা বিশ্বকাপ জিতবে। কিন্তু বারবার দুর্নীতির অভিযোগে তার সেই স্বপ্ন অনেকটাই ফিকে হয়ে গেছে। একইসঙ্গে মাঠের পারফরমেন্সেও চীন অনেকটাই পিছিয়ে। চীনের জননিরাপত্তা মন্ত্রণালয় জানিয়েছে, দেশীয় খেলায় অবৈধ জুয়া ও ম্যাচ ফিক্সিং নিয়ে দুই বছর তদন্তের পর ১২৮ জনের জড়িত থাকার প্রমাণ পাওয়া গেছে। তাদের মধ্যে ৪৩ জনকে আজীবন নিষিদ্ধ করা হয়েছে। নিষিদ্ধ হওয়া বেশির ভাগ ব্যক্তিই পেশাদার খেলোয়াড় ছিলেন।

চাইনিজ ফুটবল অ্যাসোসিয়েশন অভিযোগ করেছে, চাইনিজ সুপার লিগে শানডং টাইশানের হয়ে খেলা সন ম্যাচ পাতানোর সঙ্গে জড়িত এবং ঘুষ নিয়েছেন তিনি। দক্ষিণ কোরিয়া জাতীয় দলের এই মিডফিল্ডার কাতার বিশ্বকাপে চারটি ম্যাচ খেলেছেন। ২০২৩ সালের মে মাসে চীনে তাকে এই অভিযোগে আটক করা হয়। ১০ মাস জেল খাটার পর মার্চে দক্ষিণ কোরিয়া ফিরে গেছেন তিনি। বর্তমানে দক্ষিণ কোরিয়ার শীর্ষ ঘরোয়া লিগে খেলছেন তিনি। বিষয়টি সমাধানের জন্য শিগগিরই ৩২ বছর বয়সী সন একটি সংবাদ সম্মেলন করবেন বলে জানিয়েছেন তার প্রতিনিধি। সন ছাড়াও শানডং টাইশানের আরেক সাবেক খেলোয়াড় জিন জিংদাও আজীবন নিষিদ্ধ হয়েছেন। তার সঙ্গে নিষিদ্ধ হওয়া চীন জাতীয় দলের অপর দুই খেলোয়াড় হলেন গু টিয়ানয়ু ও গু চাও। শুধু চীনের ফুটবলাররাই নন, সিএফএর পরিচালনা পর্ষদের সদস্যরাও কড়া নজরদারিতে আছেন। তদন্তে দুর্নীতিতে জড়িত থাকার প্রমাণ মেলায় এ পর্যন্ত সিএফএর প্রায় ১০ উচ্চপদস্থ কর্মকর্তাকে সরিয়ে দেওয়া হয়েছে। 'বিপুল পরিমাণ ঘুষ' নেওয়ার দায়ে গত মার্চে সিএফএর সাবেক চেয়ারম্যান চেন জুইউয়ানকে আজীবন কারাদণ্ড দিয়েছে চীনা সরকার।

# নিষেধাজ্ঞা কাটিয়ে ইংল্যান্ড টেস্ট দলে কার্স



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : চোট থেকে এখনও পুরোপুরি সেরে ওঠেননি অধিনায়ক বেন স্টোকস ও ওপেনার জ্যাক ক্রলি। তবে পাকিস্তান সফরে তাদেরকে পাওয়ার আশা করছে ইংল্যান্ড। তিন টেস্টের সিরিজটির দলে তাই দুইজনকেই রেখেছে ইংলিশরা।

ঘোষিত ১৭ জনের দলে জায়গা পেয়েছেন ব্রাইডন কার্স। ক্রিকেট ম্যাচে জুয়া খেলার দায়ে গত মে মাসে এই পেস বোলিং অলরাউন্ডারকে ১৬ মাসের নিষেধাজ্ঞা দেওয়া হয়, যার ১৩ মাস স্থগিত রাখা হয়।

আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেকের অপেক্ষায় থাকা জর্ডান কক্সকেও দলে রেখেছে ইংল্যান্ড। ফেরানো হয়েছে অভিজ্ঞ স্পিনার জ্যাক লিচকে। গত জানুয়ারিতে ভারত সফরে সবশেষ টেস্ট খেলেন তিনি। এই সংস্করণে ৩৬ ম্যাচে বাঁহাতি এই স্পিনারের শিকার ১২৬ উইকেট।

তিন মাস সব ধরনের ক্রিকেট থেকে নিষিদ্ধ থাকার পর অগাস্টে খেলায় ফেরেন কার্স। এখন পর্যন্ত ১৪ ওয়ানডে ও ৩ টি-টোয়েন্টি খেলা ক্রিকেটারের অবশ্য নিষেধাজ্ঞার এই সময়ে ছিল অনুশীলন করার অনুমতি। নিজেকে প্রস্তুত রেখে কাউন্টি দিয়ে খেলা ফেরাকে দারুণ এক সেঞ্চুরি দিয়ে রাঙান তিনি।

প্রথম শ্রেণির ক্রিকেটে ৪৮ ম্যাচে কার্সের উইকেট ১২৭টি। ইনিংসে পাঁচ উইকেট পেয়েছেন পাঁচবার। দুই সেঞ্চুরিতে রান করেছেন ১ হাজার ৫৭৩। ধারণা করা হচ্ছে, পাকিস্তানে টেস্ট অভিষেকও হয়ে যেতে পারে ২৯ বছর বয়সী এই ক্রিকেটারের।

হ্যামস্ট্রিং চোটের কারণে ঘরের মাঠে শ্রীলঙ্কার বিপক্ষে ২-১ ব্যবধানে জেতা সিরিজে ছিলেন না স্টোকস। তবে এই সময়ে দলের সঙ্গে থেকে পুনর্বাসন প্রক্রিয়া চালিয়ে যান তিনি। তার অনুপস্থিতিতে লঙ্কান সিরিজে ইংল্যান্ডকে নেতৃত্ব দেন অলি পোপ। সেরে ওঠার পথে থাকা স্টোকসকে পাকিস্তানে পাওয়ার আশা করছে দলটি।

ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে এজবাস্টন টেস্টে ফিল্ডিংয়ের সময় ডান হাতের কনিষ্ঠা ভেঙে যায় ক্রলির। যার ফলে শ্রীলঙ্কা সিরিজে ছিলেন না তিনি। এখন অবশ্য অনেক উন্নতি হয়েছে তার। ক্রলি না থাকায় শ্রীলঙ্কার বিপক্ষে সুযোগ পেয়ে কাজে লাগাতে পারেননি ড্যান লরেন্স। ৬ ইনিংসে স্রেফ ১২০ রান করেন তিনি, সর্বোচ্চ ৩৫। বাজে পারফরম্যান্সের মাশুল দিয়ে বাদ পড়লেন এই টপ অর্ডার ব্যাটসম্যান।

শ্রীলঙ্কার বিপক্ষে ওভাল টেস্টে অভিষেক হওয়া পেসার জশ হাল ধরে রেখেছেন জায়গা। পেস বোলিংয়ে তার সঙ্গে আছেন গাস অ্যাটকিনসন, অলি স্টোন, ক্রিস ওকস, ম্যাথু পটস ও কার্স। আর স্পিন আক্রমণে লিচের সঙ্গী রেহান আহমেদ ও শোয়েব বাশির। পাকিস্তান ও ইংল্যান্ডের সিরিজটি শুরু হবে আগামী ৭ অক্টোবর। পরের দুই টেস্ট শুরু ১৫ ও ২৪ অক্টোবর।

ইংল্যান্ড টেস্ট দল: বেন স্টোকস (অধিনায়ক), রেহান আহমেদ, গাস অ্যাটকিনসন, শোয়েব বাশির, হ্যারি ব্রুক, ব্রাইডন কার্স, জর্ডান কক্স, জ্যাক ক্রলি, বেন ডাকেট, জশ হাল, জ্যাক লিচ, অলি পোপ, ম্যাথু পটস, জো রুট, জেমি স্মিথ, অলি স্টোন, ক্রিস ওকস।

# অ্যাঙ্কেলে আঘাত পেয়ে ছিটকে গেলেন ওডেগোর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : জাতীয় দলের জার্সিতে পাওয়া মার্টিন ওডেগোরের চোট তার ক্লাব আর্সেনালের জন্য দুঃসংবাদ হয়ে এসেছে। কয়েক সপ্তাহের জন্য মাঠের বাইরে থাকতে হবে নরওয়ের এই তারকা মিডফিল্ডারকে। তাতে গুরুত্বপূর্ণ কয়েকটি ম্যাচে তাকে পাওয়ার সম্ভাবনা নেই প্রিমিয়ার লিগের দলটির।

উয়েফা নেশন্স লিগে গত সোমবার অস্ট্রিয়াকে ২-১ ব্যবধানে হারানো ম্যাচের দ্বিতীয়ার্ধে অ্যাঙ্কেলে আঘাত পান ওডেগোর। প্রতিপক্ষের এক খেলোয়াড়ের সঙ্গে বল দখলের লড়াইয়ে বেকায়দায় পড়ে তার গোড়ালি মচকে যায়। প্রাথমিক চিকিৎসা নেওয়ার পর খুঁড়িয়ে মাঠ ছেড়ে যান তিনি। পরে এমআরআই স্ক্যান করাতে লন্ডনে পাড়ি জমান ওডেগোর। তখন তাকে ক্রাচে ভর দিয়ে হাঁটতে দেখা যায়।

স্ক্যানের ফল হাতে পেয়েছেন নরওয়ে দলের চিকিৎসক ওলা সান্দ। ওডেগোরের অ্যাঙ্কেলে কোনো চিড় ধরা পড়েনি বলে নিশ্চিত করেছেন তিনি। তবে সেরে উঠতে অন্তত তিন সপ্তাহ মাঠের বাইরে থাকতে হবে ২৫ বছর বয়সী ফুটবলারকে।

তূগলগ ,জানান, "অ্যাঙ্কেলের এই ধরনের চোট থেকে সেরে উঠতে অন্তত তিন সপ্তাহ লেগে যায়। এর আগে হলে সেটা হবে বোনাসৃঅ্যাঙ্কেলের চোট খুবই যন্ত্রণাদায়ক। মার্টিনও প্রচুর ব্যথা অনুভব করেছিল। সে চিন্তিত হয়ে পড়েছিল। লন্ডনের এমআরআই পরীক্ষা থেকে আমরা এখন পর্যন্ত যা জানতে পেরেছি তা হলো, অ্যাঙ্কেলে সম্ভবত কোনো ফাটল ধরেনি। চিড় ধরলে আমরা ছয় সপ্তাহের বেশি মাঠের বাইরে থাকার কথা বলতাম।"

জাতীয় দলের হয়ে খেলার পর ক্লাবে ফেরার কথা ছিল ওডেগোরের। আগামী ২ সপ্তাহে খুব গুরুত্বপূর্ণ কয়েকটি ম্যাচ আছে আর্সেনালের। আট দিনের মধ্যে তিনটি বড় ম্যাচ খেলবে তারা, প্রতিটিই প্রতিপক্ষের মাঠে। এই সময়ে ওডেগোরের চোটে পড়া আর্সেনালের জন্য বড় ধাক্কা। এমনিতেই কাঁধে চোট পাওয়া মিকেল মেরিনোকে লম্বা সময়ের জন্য পাবে না তারা।

প্রিমিয়ার লিগের ম্যাচে আগামী রোববার টটেনহ্যাম হটস্পারের বিপক্ষে খেলবে আর্সেনাল। চার দিন পর চ্যাম্পিয়ন্স লিগে গতবারের ইউরোপা লিগ জয়ী আতালান্তার মুখোমুখি হবে মিকেল আর্তেতার দল। এরপর আগামী ২২ সেপ্টেম্বর প্রিমিয়ার লিগে শিরোপাধারী ম্যানচেস্টার সিটির বিপক্ষে মাঠে নামবে গতবারের রানার্সআপরা।

# টাইগারদের প্রশংসায় ভাসিয়ে
# ভারতকে সতর্ক করলেন গিল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : পাকিস্তানের বিপক্ষে দুর্দান্ত এক সিরিজ কাটিয়েছে বাংলাদেশ। পাকিস্তানকে তাদেরই মাটিতে টেস্ট ধবলধোলাই করে এসেছে টাইগাররা। শান্ত-সাকিবদের এই পারফরম্যান্স প্রশংসিত হচ্ছে ক্রিকেটবিশ্বে।

কিন্তু এমন সাফল্যের পরও সাবেক ভারতীয় অধিনায়ক সৌরভ গাঙ্গুলী দাবি করেছেন, ভারতের মাটিতে সুবিধা করতে পারবে না শান্তবাহিনী। যদিও উল্টো সুর শোনা গেল সৌরভেরই স্বদেশী শুভমান গিলের গলায়। ভারতের এই তারকা ব্যাটার জানিয়েছেন, বাংলাদেশের বিপক্ষে খেলা সহজ হবে না। কারণ কিছুদিন আগেই তারা পাকিস্তানে সিরিজ জিতে এসেছে। জিও সিনেমায় দেওয়া সাক্ষাৎকারে গিল বলেন, 'আমার মতে, এখন কোনো দেশকে খাটো করে দেখার সুযোগ নেই। গত দুই মাসে, বিশেষ করে পাকিস্তানে যেমন খেলে এসেছে বাংলাদেশ, তা অসাধারণ।' পাকিস্তানের মাটিতে বাংলাদেশের সাফল্যের পেছনে বড় কারণ ছিল পেসারদের সাফল্য। তাসকিন-রানারা পাকিস্তানি ব্যাটারদের কঠিন পরীক্ষার মুখে ফেলে দিয়েছিলেন। পাশাপাশি মিডল অর্ডারে লিটন দাস ও মেহেদী হাসান মিরাজদের প্রতিরোধ তো ছিলই। এ ব্যাপারটি নজর এড়ায়নি গিলের। তিনি বলেন, 'ওদের (বাংলাদেশের) পেসার এবং মিডল অর্ডারের ব্যাটাররা যে ভাবে চাপ নিয়ে খেলেছে, তাকে কোনোভাবেই ছোট করা যাবে না। আমার মতে, বাংলাদেশের বিপক্ষে সিরিজটি খুব আকর্ষণীয় হতে চলেছে।'

# বিতর্কিত সেই পেনাল্টি নিয়ে যা বললেন আর্জেন্টিনার কোচ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : একের পর এক জয়ে উড়তে থাকা আর্জেন্টিনা ছন্দ হারাল আজ। তাদের টানা ১২ ম্যাচের অপরাজেয় যাত্রা থামল কলম্বিয়ার মাঠেই। বিশ্বকাপ বাছাইয়ের ম্যাচে আজ বিশ্ব চ্যাম্পিয়নদের ২-১ ব্যবধানে হারিয়েছে স্বাগতিক হামেস নেসতর লরেনসোর শিষ্যরা। যদিও আর্জেন্টিনার হার ছাপিয়ে আলোচনায় রেফারির বিতর্কিত সিদ্ধান্ত। যা নিয়ে মুখ খুললেন আর্জেন্টাইন কোচ লিওনেল স্কালোনি।

কলম্বিয়ার বিপক্ষে ম্যাচের ৬০তম মিনিটের ঘটনা। ১-১ সমতায় থাকা ম্যাচে কলম্বিয়ার মুনোজকে ফাউল করে বসেন নিকোলাস ওতামেন্ডি। রেফারি বিষয়টি প্রথমে এড়িয়ে গেলেও পরবর্তীতে কিছুটা সময় নিয়ে ভিএআর দেখে পেনাল্টির সিদ্ধান্ত দেন। স্পটকিক থেকে দলকে এগিয়ে নেন হামেস রদ্রিগেজ। শেষমেশ এই গোলটিই ম্যাচের ভাগ্য গড়ে দেয়।

ম্যাচের পর সংবাদ সম্মেলনে স্কালোনি বলেন, 'একটি ম্যাচে যখন খুব কাছাকাছি প্রতিদ্বন্দ্বিতা হয়, তখন মাঝে মাঝে এই ধরণের সিদ্ধান্ত ম্যাচের ভাগ্য গড়ে দেয় এবং সেটাই হয়েছে। সেই পেনাল্টিটাই ম্যাচের ফলাফল নির্ধারণ করে দিয়েছে। শুধু রেফারি ও পাঁচজন ভিএআর কর্মকর্তাই পেনাল্টিটি দেখেছেন, বাকিরা নয়। তবে ফুটবল এমন একটি খেলা, যেখানে আপনাকে আপনার চারপাশে যা যা হচ্ছে তা দেখতে হবে। আর মুনোজ যা করেছে, সেটাই তো আপনাকে সব বলে দেয়। তিনি কোনো রকম প্রতিবাদও করেননি। মনস্তাত্ত্বিক জায়গায় এটি তাদের এগিয়ে দিয়েছে এবং আমাদের নার্ভাস করেছে।'

স্কালোনি আরও যোগ করেন, 'আমি রেফারিকে আর মুনোজকে একটাই কথা বলেছিলাম যে, পুরো মাঠে সেই ছিল একমাত্র খেলোয়াড়, যে ফাউলের বিরুদ্ধে প্রতিবাদ করেননি। যারা পেনাল্টি দিয়েছেন, তাদের স্বাগত জানাই এবং এটা নিয়ে আর কিছু বলার নেই। হতাশাজনক ব্যাপার এবং পরিতাপের বিষয় হল যে, সেই পেনাল্টির পরে খেলাটি কার্যত শেষ হয়ে যায়, এটিই আমাকে বিরক্ত করেছে।'

## আর্জেন্টিনার এমন হারের পর
# আলোচনায় মার্টিনেজের কাণ্ড!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : আর্জেন্টিনা সর্বশেষ হেরেছিল গত বছরের নভেম্বরে উরুগুয়ের বিপক্ষে। এরপর অপরাজিত ছিল টানা ১২ ম্যাচে। তবে এবার আর জয়ের ধারা ধরে রাখতে পারল না তিনবারের বিশ্বচ্যাম্পিয়নরা। ম্যাচ হেরে মেজাজ হারিয়েছেন গোলরক্ষক এমিলিয়ানো মার্টিনেজ।

১০ সেপ্টেম্বর দিনগত রাতে কলম্বিয়ার বিপক্ষে ২-১ গোলে হেরেছে আর্জেন্টিনা। আর ম্যাচের পর মেজাজ হারিয়ে ক্যামেরায় আঘাত করে বসেন মার্টিনেজ। যে ভিডিও এখন সোশ্যাল মিডিয়ায় ভাইরাল।

ম্যাচের পর দেখা যায় এমন দৃশ্য। হারের পর ফুটবলারদের সঙ্গে সৌজন্যমূলকভাবে হাত মিলিয়ে ড্রেসিংরুমে ফিরছিলেন মার্টিনেজ। তখন সামনে ক্যামেরা দেখেই মেজাজ হারিয়ে সেটাকে থাপ্পড় মেরে বসেন এই তারকা গোলরক্ষক। সেই সময় লাইভে থাকায় এই দৃশ্য সবার নজরে আসে।

অবশ্য এই ম্যাচে ছন্দে দেখা যায়নি মার্টিনেজকে। একে তো বিতর্কিত সেই পেনাল্টির সিদ্ধান্ত মেনে নিতে পারেননি, এর ওপর চেষ্টা করেও তা ফেরাতে পারেননি। অসন্তুষ্ট দেখা যায় মার্টিনেজকে। এদিন, এস্তাদিও মেত্রোপলিতানো রবের্তো মেলেনদেজে ম্যাচের ২৫ মিনিটে ৪৭ হাজার ছুঁই ছুঁই দর্শকদের আনন্দে ভাসান ইয়েরসন মোসকেরা। কর্নার থেকে রদ্রিগেজ বক্সের জটলায় বল না পাঠিয়ে জন আরিয়াসের সঙ্গে দেওয়ানেওয়া করেন। এরপর বাঁ প্রান্ত থেকে মোসকেরার উদ্দেশে মাপা ক্রস। এমন সহজ সুযোগ মিস করেননি এই ডিফেন্ডার। এই গোলেই বিরতিতে যায় দুই দল। তবে দ্বিতীয়ার্ধের শুরুতেই সমতায় ফেরে বিশ্ব চ্যাম্পিয়নরা। ৪৮ মিনিটে রদ্রিগেজেরই ভুল পাস বাড়ালে বল পেয়ে যান নিকোলাস গঞ্জালেজ। এরপর কলম্বিয়ান গোলকিপার কামিলো ভারগাসকে ফাঁকি দিয়ে গোল আদায় করেন গঞ্জালেজ।

১২ মিনিট পরেই পেনাল্টি থেকে গোল করে কলম্বিয়াকে এগিয়ে দেন রদ্রিগেজ। যদিও কলম্বিয়ার এই পেনাল্টি পাওয়া নিয়ে দুই দলের খেলোয়াড়দের মধ্যে তর্কাতর্কিও হয়েছে একদফা। নিকোলাস ওতামেন্দি নিজেদের বক্সে দানিয়েল মুনোজকে ট্যাকেল করলে পেনাল্টি পায় স্বাগতিকরা। ভিএআরের সিদ্ধান্তে আসা পেনাল্টি থেকে গোল আদায় করেন হামেস রদ্রিগেজ।

স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR